

# শিবার্জুন

(পৌরাণিক নাটক)

মিনার্ভা থিয়েটারে প্রদর্শিত।

প্রথম অভিনয়—১৪ই ডিসেম্বর, ১৯৩৫ সাল

শ্রীমুখীন্দ্রনাথ রাহা বি-এ প্রণীত

প্রাপ্তিস্থান —

মিনার্ভা থিয়েটার ও প্রধান প্রধান পুস্তকালয়।

মূল্য ১২ টাকা

প্রকাশক—  
শ্রীসুধীন্দ্রনাথ রাহা  
কোম্পগর—হুগলী ।

বড়দিন—১৯৩৫

প্রিন্টার—শ্রীশশিভূষণ পাল  
মেটকাফ্ প্রেস্  
৯ নং রাজা গুরুদাস ষ্ট্রীট,—কলিকাতা

# উৎসর্গ

জ্ঞান ও কর্মের অপূর্ণ সমন্বয়ে  
যাঁহার ব্যক্তিত্ব সমলঙ্কৃত,  
বঙ্গীয় ব্যবসা-জগতের সবাসাচি  
সেই অসামান্য পুরুষ—

শ্রীযুক্ত সচ্চিদানন্দ ভট্টাচার্য্য

মহাশয়কে

এই অকিঞ্চিৎকর নাটক

প্রজ্ঞাঞ্জলি স্বরূপে

অর্পণ করিয়া ধন্য হইলাম ।

নাট্যকার

## বলিবার কথা ।

মিনাভা থিয়েটারের কর্তৃপক্ষ এই নাটকের অভিনয় সর্বস্বত্বস্বন্দর করিবার জন্য প্রাণপণ চেষ্টা করিয়া আমাকে চির কৃতজ্ঞতা পাশে আৰদ্ধ করিয়াছেন ।

“স্তাবনার গানটির রচয়িতা—প্রযোজক শ্রীযুক্ত কালিপ্রসাদ ঘোষ  
বি, এম্‌ সি মহাশয় । তাঁহাকে আমাব ধন্যবাদ জ্ঞাপন করিতেছি ।

মঞ্চ-সৌকর্য্যার্থ নাটকের কোন কোন দৃশ্য মিনাভা থিয়েটারে ঈষৎ  
পরিবর্তিত আকারে অভিনীত হইয়া থাকে ।

## সংগঠনকারীগণ

স্বত্বাধিকারী	শ্রীযুত সলিল কুমার মিত্র বি, কন্.
অধ্যক্ষ	„ জ্ঞানেন্দ্র কুমার মিত্র ।
প্রবোধক	„ কালীপ্রসাদ ঘোষ বি, এস-সি ।
গণশিল্পী	„ পরেশ চন্দ্র বসু ( পটল বাবু )
ঐ সহকারী	„ অনিল প্রসাদ সর্দাধিকারী ।
নৃত্য শিক্ষক	„ সাতকড়ি গঙ্গোপাধ্যায় ( কড়ি বাবু )
হারমোনিয়ম বাদক	„ বিজ্ঞানভূষণ পাল
বংশী বাদক	„ ধীরেন্দ্র নাথ বন্দ্যোপাধ্যায় ।
পিয়ানো বাদক	„ কার্লিলাস ভট্টাচার্য্য ।
বেহালা বাদক	„ কলিত মোহন বসাক
কর্ণেট বাদক	„ জিতেন্দ্র নাথ চক্রবর্তী
সঙ্গীতী	„ সতীশচন্দ্র বসাক
স্মারক	„ বিমলচন্দ্র ঘোষ
আলোক সম্পাদক	„ মন্থথ ঘোষ ।
এগ্রিকালচার বাদক	„ চুলাল মল্লিক

এই নাটকের অভিনয়স্থলের অধিকারী শ্রীযুক্ত বাবু সলিল কুমার মিত্র ।

## প্রথম অভিনয়ের অভিনেতৃগণ ।

মহাদেব	শ্রীকামাখ্যা চরণ চট্টোপাধ্যায়
শ্রীকৃষ্ণ	„ বন্ধিমচন্দ্র দত্ত
ইন্দ্র	„ জয় নারায়ণ মুখোপাধ্যায়
কার্ত্তিক	„ উমাপদ বসু
কাম	শ্রীমতী শেকালিবালা
চিত্রকেতু	শ্রীরণজিৎ কুমার রায়
নন্দী	„ গোপালচন্দ্র ভট্টাচার্য্য
বীরভদ্র	„ গোষ্ঠ বিহারী ঘোষাল
কিরাত	„ রজনী ভট্টাচার্য্য
অর্জুন	„ শরৎচন্দ্র চট্টোপাধ্যায়
নিপাত	„ প্রফুল্ল কুমার দাস
কবচ	„ শুলীল কুমার ঘোষ
জম্বক	„ সনৎ কুমার মুখোপাধ্যায়
দেবগণ	„ নালিন বাগ, রবীন রায়, অনাথ মুখোপাধ্যায়
ছর্গা	শ্রীমতী সত্যবালা
কালী	„ করুণাময়ী
শচী	„ মনোরমা
উর্ধ্বশী	„ তারকবালা ( লাইট )
মন্দিরা	„ সরযুবালা

## অঙ্গরাগণ ও নর্তকীগণ

শ্রীমতী রাজলক্ষ্মী ( খেদি ), তারকবালা ( তারকী ), ছুনিয়াবালা ১নং,,  
তিনকড়ি, মুকুলজ্যোতি, সরস্বতা, রেণুকামণী, ইন্দুমতী, নীলাবতী,  
বকুল, রাণীবাবালা, পটলমণি, উষাবাবালা, রাজলক্ষ্মী ( রবি ),  
ডালিম, নন্দরাণি, প্রভাবতী ।

## চরিত্র-পরিচয়

মহাদেব, শ্রীকৃষ্ণ, ইন্দ্র, কাভিকেশ্বর, কামদেব ।

চিত্রকেশু	...	...	গন্ধর্ধ্বরাজ
নিবাত	...	..	কাণ্ডেশ্বর দৈত্যরাজ
কবচ	...	...	ঐ দ্বাতা
জন্তক	...	...	ঐ সেনাপতি
অর্জুন	...	..	তৃতীয় পাণ্ডব

নন্দী, বীরভদ্র, দেবগণ, দৈত্যগণ ইত্যাদি ।

দুর্গা, কালী, শচী, উর্ধ্বশী ।

মন্দিরা ... .. নিবাতের কন্যা

অঙ্গরাগণ, কৃষ্ণ-সজ্জনীগণ ইত্যাদি ।



বাংলা সাহিত্যের সমুদ্র হইতে  
আরো কিছু মনি-মুজো সংগ্রহ করুন

নীচের লিংক হইতে



[www.banglabooks.in](http://www.banglabooks.in)



# শিষ্যভ্জুন

প্রস্তাবনা

অপ্সরাগণের গীত

চুপিসাড়ে আসবি সেজে

নয়লো কথা কাণে কাণে !

মায়াজাল পাতবি যখন

স্বপনেও কেউ না জানে !

বঁধুয়ার কঠিন পণ—

জিন্বে ত্রিভুবন—

হবে লো জিন্তে তারে

নয়নের একটা ঠারে,

বিঁধে লো সেই ফুলবাণে ॥

---

## প্রথম অঙ্ক ।

প্রথম দৃশ্য

হিমালয়প্রান্তে—উপবন ।

যোগময় কবচ

( অজ্জুনের প্রবেশ )

- অজ্জুন । হে তপস্বি—লহ প্রণিপাত !  
কবচ । কে তুমি যুবক,  
অনিন্দ্য স্ফুটাম কান্তি দীর্ঘ বীর-বপু—  
ধনুঃশরধারা কেন ভ্রম বনে বনে ?  
মৃগয়াার্থী তুমি ?
- অজ্জুন । ধরার নগণ্য নর, কুরুবংশধর,  
তৃতীয় পাণ্ডব, নাম অজ্জুন আমার !  
রাজ্যভ্রষ্ট বনবাসী জ্যেষ্ঠ যুধিষ্ঠির,  
হীনমতি জ্ঞাতির ছলনে !  
অম্লগামী চারিভ্রাতা, পত্নী কৃষ্ণাসনে—  
ষাপে দিন প্রতীক্ষায় প্রতিহিংসা আশে !  
নহি মৃগয়াার্থী ভদ্র ! ভ্রমি বনে বনে,  
সাধনার খুঁজি যোগ্য স্থান ।
- কবচ । সাধনা ? কিসের তরে ?
- অজ্জুন । শক্তি, শক্তি, রিপুঞ্জয়ী লভিব শক্তি—  
শক্তিপতি শঙ্করের করি আরাধনা !

শত্রু যাব দেবত্রত ভীষ্ম পিতামহ,  
 মুক্তিমান ধনুর্কেদ দ্রোণাচার্য্য গুরু,  
 মহারথ অঙ্গপতি কর্ণ যাব অরি,  
 প্রয়োজন দৈবশক্তি আহরণ তার !  
 উগ্র তপ আচরিব শক্তিলাত আশে !  
 কবচ । বন্ধু ! বন্ধু ! দেহ আলিঙ্গন—  
 এক লক্ষ্য—এক ব্রত, এক আকিঞ্চন—  
 কবচ অর্জুন !  
 শোন বন্ধু—মম পরিচয় !  
 কালকেয় দৈত্যরাজ জান নিবাতেরে—  
 আমি তাঁর অহুজ কবচ !  
 কহি সত্য, শিব সাক্ষী করি,  
 দেবতার ক্ষতি চিন্তা করি নাই কভু—  
 নিজ দেশে তৃপ্ত ছিহু ক্ষুদ্র রাজ্য লয়ে !  
 স্বর্গ হ'তে দেবযজ্ঞে এল আমন্ত্রণ—  
 ভূত্য সম হীন কার্য্যে করিল নিয়োগ  
 স্পদ্ধিত দেবতাবৃন্দ—অতিথি নিবাতে !  
 ক্রমাশীল ধৈর্য্যবান অগ্রজ আমার—  
 যজ্ঞগৃহে দ্বার প্রক্ষা করিলা নীরবে !  
 অর্জুন । ধিক্—হেন অনায্য আচার দেবতার ?  
 কবচ । তীব্র সেই অপমান বাজিল পাণ্ডব—  
 শেলসম কবচের প্রাণে !—  
 উচ্চকণ্ঠে কহিহু বাসবে -  
 “ভাল এই আচরণ অতিথির সনে !”

জ্ঞান কি অর্জুন—

কি কহিল তদন্তরে দৃষ্ট আখণ্ডল ?

অর্জুন । কহ—শুনি দৈত্যবর !

কবচ । ব্যঙ্গহাসি হাসি দেবরাজ—

সমবেত দেবযক্ষ কিন্নর সমাজে

সন্তোষি' কহিলা উচ্চরবে—

“কে না জানে বিশ্বমাঝে বর্ষের দানব,

দেবতার ভৃত্য হ'তে লভেছে জনম ?”

অর্জুন । মানিহু বিশ্বয় দৈত্যবর !

হেন ভাষ বাসবের মুখে ?

কবচ । হে পাণ্ডব !

অপমানে হারাইহু জ্ঞান !

ধাইহু উন্মাদ সম রোষে গরজিয়া

অসিকরে বাসবের সিংহাসন পানে !

কার্ত্তিকেষ্ট্র দেবসেনাপতি,

দণ্ডধারী কালরূপী বম,

পবন বরুণ অগ্নি—

ধেয়ে এল দেব অস্ত্র করে,

পদাঘাতে নিষ্কাশিত করিল আমারে

দেব সভা হ'তে ।

অর্জুন । ছিঃ ছিঃ পরিতাপ !

তারপর ?

কবচ । তারপর—যুগা ক্ষোভ লাজে—

না ফিরিহু কালকেষ্ট্র পুরে—

পশিলু গহন বনে তপস্তার তরে  
দেবজয়ী শক্তিলাভ আশে ।  
দীর্ঘযুগ গত মতিমান—  
আচরিলু স্তূত্বকর তপ সিদ্ধি-আশে ।  
নাহি জানি কতদিনে তুষিব শঙ্করে !

অর্জুন । অতিদর্পে দর্পিতের পতন নিশ্চয় !  
বারবার নির্ধ্যাতিত লাক্ষিত দানব  
দেবজয়ী শক্তি লভি উগ্র সাধনায়—  
এমনি তুলেছে শির প্রতিহিংসা তরে !  
তুমিও লভিবে শক্তি—তুমিও জিনিবে  
গর্বিত দেবতাবৃন্দে শঙ্করের বরে !  
শুধু—শুধু—

কবচ । শুধু—  
কেন বন্ধু হইলে নীরব ?

অর্জুন । ডরি চিতে—শুধু দৈত্যবর !  
দেবজয়ী শক্তি লভি—অপচয় তার  
কর পুনঃ অনাচারে প্রতিহিংসা বশে !  
বিদায় বান্ধব ! কল্যাণ হউক তব !  
তপস্তায় সিদ্ধি লভি বিশ্বজয় করি—  
বিশ্বের কল্যাণে শক্তি কর নিয়োজিত !

(প্রস্থান)

কবচ । অনাচার ? নহে অনাচার !  
চাহি শুধু বৈরনির্ধ্যাতন !  
দেবতারে তিলমাত্র না করিব ক্ষমা !

কাল ব'য়ে যায় ! বুথা জল্পনায়

নাহি প্রয়োজন !

( উপবেশন )

জ্যোতির্ব্রহ্ম এস চিত্তে মোর—

এহি এহি চির-স্থির ভাস্কর সবিতা—

প্রাণের আকাশে !

( সমাধিস্থ হইল )

( অপ্সরাগণের প্রবেশ ও গান )

সুধা নেবে—সুধা নেবে—

বিলিয়ে সুধা যাইগো নেচে !

সুধার সাথে অধর সুধা—

বিনি মূলে দিই গো 'বেচে !

তরুণ বঁধুর অধর কোণে আধেক বাঁকা মধুর হাসি,

চোখের কোণে চাউনি বাঁকা বড়ই মোরা ভালবাসি—

রসিক নাগর পেলে বঁধু—সকল সুধা দিই গো যেচে ।

( উর্বশী ও কামদেবের প্রবেশ )

কাম । নহে ক্ষুদ্র অপ্সরার কার্য—

যার তপস্তার শক্তি স্বর্গ সিংহাসনে

বাসবেরে ক'রেছে চঞ্চল—

লো উর্বশী ! তার তপোভক্ততরে

তোমারেই প্রয়োজন !

নৃত্যে, গানে, তম্বুর মোহন ভজিমায়,

অঁখির গরল মাখা কটাক্ষ সায়কে

মুগ্ধকর, বিদ্ধ কর ! তপোভক্ত কর দানবের !

জর জর চিতে—

মাগিয়া করুণা বিন্দু—আকুল কবচ

কামিনীর লুট'াক চরণে !

উর্বশী । দেবকার্য্য আনন্দে সাধিব !

কি ছার দানব এই—হে মীন কেতন !

ঋতুপতি, কামদেব থাকিলে সহায়—

রমণী যৌবন পারে মোহিতে শঙ্করে !

কাম । লো উর্বশী ! মোর মায়াবলে

অকালে-বসন্তোদয় হের হিমাচলে—

পুষ্পভারে ভেঙ্গে পড়ে তরু,

গুঞ্জরিয়া ফেরে অলি, ঝঞ্ঝারে পঞ্চমে

স্বস্বর বিহগকুল লতাকুঞ্জ মাঝে !

মন্দ মন্দ গন্ধবহ আতপ্ত নিশ্বাসে

জড়ায় অঁাখির পাতে স্বপনের ঘোর !

তিলোত্তমা, রম্ভা ও মেনকা—

লো চির যৌবনা ধনি ! যৌবন শোভায়

তাপসে মদনাবেশে মাতাও স্বরায় ।

### অপ্সরাগণের গীত

আজি এল মূলগন—এল আজি যৌবন

তব বিজ্ঞান বনবাসে

মেল' সখা দু'নয়ন—লহ ডালি তনুমন—

লহ গো লহ ভুজ পাশে !

যৌবন এল দ্বারে, তরুণীর ফুলহারে—

যৌবন এল মধু গঞ্জে ॥

হাসি আলো প্রেমগানে, চঞ্চল আঁখি-বাণে—

যৌবন এল মধুছন্দে—

অধর কপোল চুনি, পিও মধু পিও তুর্মি—

চির যৌবন মধু মাসে ।

কবচ । চিত্ত স্থির করিবারে নারি—

কর্ণে যেন পশে কার সঙ্গীত লহরী !

হে শঙ্কর—দেহ পদছায়—

মত্ত মনে সংযমের অঙ্কুর আঘাতে

তব পদতীর্থপানে করিব চালন ।

উর্বশী । তাপস ! আর কেন তপ ?

মেল আঁগি, ভুঞ্জ তব তপস্যার ফল ! ( কবচকে স্পর্শ করিল )

কবচ । একি—একে ?

( চক্ষু উন্মীলন )

উর্বশী ! আমি তব তপস্যার ফল !

তব অন্তরের জাগ্রত কামনা—

বিশ্বের সঙ্গীত স্থধা প্রেমার্থিনী হয়ে—

বিবশা কামিনী রূপে ভেটিছে তোমায় !

( কাম পুষ্পের নিক্ষেপ করিলেন )

মরি মরি অপক্লপ সৌন্দর্য লহরী !

কে তুমি রমণী এই বিজন বিপিনে ?

গুরু যৌবনের ভারে আনত তস্থর



অঙ্গে অঙ্গে সৌন্দর্যের অপূর্ণ বিকাশ ।  
 আয়ত আঁখির কোণে, আরক্ত অধরে,  
 পূর্ণিমা-জোছনাছানা সোণালি কপোলে—  
 একি নোন আমন্ত্রণ পিপাসীর লাগি !  
 লো সুন্দরি !—  
 না—না—ব্রতী আমি শিবসাধনায়,  
 নহি আমি অধিকারী তব করুণার ।  
 যাও ভদ্রে নিজ ধামে, ক্রমা কর মোরে !

উর্বশী । হে তাপস ! সাধনায় লভিবে কি ফল  
 শ্রেষ্ঠতর আমা হতে ?  
 তপ জপ স্বর্গবাস আশে !  
 স্বর্গের সম্ভোগ সার অঙ্গুরীর প্রেম !  
 দেখেছ অঙ্গুরী হেন তিনলোক মাঝে,  
 রূপের ঐশ্বর্য যার শ্রেষ্ঠ মোর চেয়ে ?  
 রে ভ্রান্ত চপল বঁধু, এস মোর পাশে,  
 বাহুডোরে বাঁধি কর্ণ, করাঁইব পান  
 সাগর-মহন-লব্ধ অমৃতের চেয়ে—  
 মধুর অধর স্খা অধরে অধরে !

কবচ । বিকল, পাগল প্রাণ রূপসীর রূপে !  
 ধৈর্য ধরিতে নারি !  
 লো প্রেয়সি ! এস বক্ষে মোর—  
 কণিক ভূষিত চিত্তে ভূষি কর দান !

( উঠিয়া অগ্রসর হইল )

( অজ্জুনের প্রবেশ )

অজ্জুন । ভুজ্জগিরি রোধিয়াছে পথ—

অগ্রগতি নিবারিয়া মোর !

একি ! কোথা সেই বিজ্ঞ কানন ?

মনোরম হেরি উপবন

বসন্তের পুষ্পভারে উৎফুল্ল উজ্জল !

একি হেরি—

তপস্বী কবচ হেথা তেয়াগিয়া তপ—

লাশ্চর্য্য মায়াবিনী কামিনীর পানে,

আশ্রয়ান লালসার বশে !

কবচ ! কবচ !

কবচ । কে—কে—কে ডাকিল মোরে ?

অজ্জুন । কোথায় বিবেক বন্ধু—কোথা তপাচার ?

স্থগিত কামের মোহে বিমুগ্ধ, অজ্ঞান ?

কবচ । নারী—নারী—সৌন্দর্য্যের মণি—

মত্ত মনে নিবারিতে নারি—

অজ্জুন । কি ছার নারীর রূপ—ভ্রমাক্ষ কবচ ?

যোগীশ্বর শঙ্করের রূপ কর ধ্যান !

কি ছার নারীর রূপ ? বিশ্বরূপধারী

উমাপতি শিব ব্রহ্মে মন কর লীন !

কবচ । ঔ্যা—ঔ্যা—

অজ্জুন । ললাটে উজ্জল চন্দ্র, কণ্ঠে কালকূট,

গঙ্গার কল্লোল রব ধূজ্জটা জটায়,

মহাকাল, হাড়মাল, রক্ত দিগম্বর—

বরাভয় করে হের অন্তরে তোমার !

কবচ । শিব—শিব—

অৰ্জুন । শিব স্মরি তপস্তায় ব্রতী হও যোগী—

মিথ্যা কামিনীর মোহ কর পরাজয় !

কবচ । বন্ধু—বন্ধু—পাণ্ডব অৰ্জুন !

না—না—নহ বন্ধু—গুরু তুমি মোর—

দিব্যজ্ঞান দিলে অভাগায় !

অজ্ঞান-তিমিরান্ধ্র জ্ঞানাজ্ঞান শলাকয়া

চক্ষুরুন্মীলিতং যেন, তস্মৈ শ্রীগুরবে নমঃ ! ( প্রণাম )

হে গুরু—আশীষ কর—বিল্ব করি জয়—

ইষ্টপদ লভি যেন তোমার কৃপায় !

করি স্নান অলকানন্দায়,—

পুনঃ ধ্যানে ব্রতী হব গুরু !

( প্রস্থান )

উর্কশী । তুমি পাণ্ডব অৰ্জুন ?

দেবকার্যে দিলে বাধা—

নাহি ডর' বাসবের রোষে ?

অৰ্জুন । কর্তব্য সাধন করি শোন লো ভামিনী—

হৃদিস্থিত হৃদিকেশ কৃষ্ণের ইঙ্গিতে !

রোষতুষ্টি না গণি কাহারো—

পার্শ্বের নিয়তি হুত্র কেশবের করে !

( প্রস্থান )

উর্কশী । এই পার্শ্ব ? নরোত্তম তৃতীয় পাণ্ডব ?

দ্বিতীয় দৃশ্য ।

কালকেষপুরী—প্রাসাদ উদ্যান

( মন্দিরা )

মন্দিরার গীত

ও সেই দিনের আলো !

( আজ ) স্বপন সম় লয় যে মনে

তুমি আমায় বাসতে ভালো !

কেনই তুমি ফিবাতে মুখ, কিসের অভিমান ?

( আমার ) কমল-বনে আজকে পিকের

নীরব কলতান

তোমার হাসির বিহনে সেই

সারা ভুবন নিকম-কালো !

( জন্তকের প্রবেশ )

জন্তক । মন্দিরা !

মন্দিরা । কে ? ও—জন্তক !

জন্তক । আমি একটা কথা জিজ্ঞাসা করতে এসেছি মন্দিরা ! এই গন্ধর্বরাজ চিত্রকেডু—দেবসভার এই স্বগিত বিদূষক—সে কি তোমায় কোন অমর্যাদাসূচক কথা বলেছে ?

মন্দিরা । সে ত বরং আমায় একটা বড় রকম মর্যাদাই দিতে চায়  
জন্তক !

জন্তক । মর্যাদা ?

মন্দিরা। আমায় তার রাণী করতে চায়—এটা গৌরবের কথা নয় কি ?

জম্ভক। ও :—পরাদীনতার জালা কখনো এমন করে আমায় এর পূর্বে দক্ষ করেনি মন্দিরা ! এই দেবপদলেহী গন্ধর্ক—বজ্র-হবি-লিপ্সু এই কুকুর—একে পদাঘাত করবারও আমার সাহস নেই—কারণ—কারণ সে দেবরাজের আশ্রিত জীব—আর কালকেয় দৈত্যগণ আজ বিধিবিড়ম্বনায় দেবপদানত—পরাদীন জাতি ! ও :—বুথাই কটাতে তরবারি ধারণ করি !

মন্দিরা। জম্ভক ! তুমি যদি বিচলিত হও, তবে কালকেয় জাতির আশাভরসা সবই যে নিশ্চুল হবে ! ধৈর্যধারণ করে স্ত্রীনের অপেক্ষা কর। পিতৃব্য কবচের তপস্যায় সিদ্ধিলাভ যতদিন না হয়—দেবজয়ী শক্তি যতদিন পরাদীন দৈত্যগণের করায়ত্ত না হয়, ততদিন ভগ্নোত্তম, মর্ম্মাহত দৈত্যরাজ নিবাতের অঙ্কের যষ্টি যে তুমি—একথা ভুলে যেওনা জম্ভক !

জম্ভক। ভুলে বাইনি—ভুলে বাইনি মন্দিরা ! দেবসমাজের শত অনাচার, পুঞ্জীভূত অত্যাচার নীরবে সহ্য করেছি—আজ এই দীর্ঘযুগ ধরে—শুধু সেই শুভদিনের প্রতীক্ষায়—যে দিন তপসিদ্ধ কবচ শিববরে বিশ্বজয়ী হয়ে দৈত্যপরে ফিরে আসবেন—দেবরক্তে দৈত্যের মর্ম্মাস্তিক লাঞ্ছনা ধৌত হবে ! কিন্তু—কিন্তু মন্দিরা ! এ আমি কেমন করে সহিব ? এই কুকুরের কণ্ঠে যদি দৈত্যকুললক্ষ্মী মন্দিরাকে বরমাল্য প্রদান করতে হয়—সে দৃশ্য আমি কেমন করে সহিব ? X

মন্দিরা। একটা কুমারীর আত্মবলি—জাতির মুক্তির ইতিহাসে তার কতটুকু স্থান জম্ভক ? মন্দিরা নরকে থাক—নিবাতের ধ্বংস হক—কিন্তু দৈত্য জাতির মুক্তির পথ সুগম হক—এই কামনা কর—বিশ্বনিয়ন্তার পায়ে এই প্রার্থনা জানাও !

( প্রস্থান )

জম্বক। কবচ! কবচ! আর কতদিন?

( চিত্রকেতুর প্রবেশ )

চিত্র। ও—ও রাজকুমারী গেলেন বুঝি? অ্যা—হা—হা—হা—  
রাজকুমারী গেলেন বুঝি? ওহে ও ডিম্বক—রাজকুমারী লজ্জা পেয়ে পাগিয়ে  
গেলেন বুঝি? অমন যে দুখে-আলতায় তুলতুলে গাল দু'খানি—এক্কেবারে  
লজ্জায় লাল হ'য়ে গেল বুঝি? উঃ—কী লজ্জা! যেন এক্কেবারে  
লজ্জাবতী লতা রে!

জম্বক। ভগবান্!

( প্রস্থানোত্তত )

চিত্র। আরে ও ডিম্বক—দাঁড়াও না হে—দাঁড়াও না! আমার  
দেখে এতটা যে লজ্জা—এক্কেবারে চোচা দৌড় দিলেন—এ লজ্জাটা দু'দিন  
বাদে থাকবে কোথায়—বল দেখি। অ্যা—হা—হা—গন্ধর্বরাজের রাণী—  
তাকে ত আর লজ্জা ক'রলে চলবে না! অমন যে অমরাপুরী, তার যে  
বৈজয়ন্ত দেবসভা, যেখানে সিংহাসন আলো করে স্বয়ং বজ্রধারী দেবরাজ  
ব'সে সহস্র চক্ষু মেলে—অঙ্গরীদেব নৃত্য দর্শন করেন—সেখানকার প্রধান  
ব্যক্তিই হলেন এই চিত্রকেতু! দেবগণের সূখা পরিবেশনের ভার—এই  
চিত্রকেতুর উপর! অঙ্গরীদেবের তাল কেটে গেলে তাদের শাসন ক'রবার ভার  
এই চিত্রকেতুর উপর! কোন দেবতার কোন অঙ্গরীর উপর হৃদৃষ্টি  
প'ড়লে—তার সূব্যবস্থা ক'রবার ভার—কত আর কইব?

জম্বক। আর বেশী কইবার দরকার নেই—গন্ধর্বরাজ!

চিত্র। তাই ব'লছিলাম—গন্ধর্বরাণী মন্দিরার ত আর লজ্জা ক'রলে  
চ'লবে না! আমি ভাবছি—অঙ্গরীদেবের মহালটা মন্দিরার হাতেই সম্পূর্ণ  
ছেড়ে দেব। একা আর কতদিক সামলাই বল! তা পারবেন—মন্দিরা  
তা পারবেন। ঐ উর্ধ্বশী রম্ভা—বড় বড় নামজাদা দু'একটা অঙ্গরী মাঝে

মাঝে যা একটু বেচাল চালে-ওদের দুটো মিষ্টি কথায় বশ করে রাখলেই ব্যস ! ওকি-তুমি চললে যে ?

জম্বক । আমার কাজ আছে—গন্ধর্ব্ব রাজ !

চিত্র । অ্যা—হা হা হা—আরে কাজের বড়াই ক'রছ গন্ধর্ব্বরাজ চিত্রকেতুর কাছে ? একদিনকার কাজের ফিরিত্তী যদি শোন—সন্ধ্যা বেলায় অম্বরাদের ঘুম ভাঙ্গান থেকে শুরু করে, রাত ছুপ্পে দেবতাদের ঘরে ঘরে যার যার পছন্দসই অম্বরাদের সাজিয়ে গুছিয়ে পৌছে দেওয়া পর্য্যন্ত—তাক লেগে যাবে দাদা ! তাক লেগে যাবে । তাইত বলছি—এ অম্বরাদের খাচ্কাটা কতকটা অন্ততঃ মন্দিরার উপর ফেলে দিতে পারলে আমি বেঁচে যাই । ভাবছি কেবল—হা হা হা—

জম্বক । ও :—

চিত্র । ভাবছি কেবল আমাদের এই দেবতাদের কারও স্মৃষ্টি শেষে আমার মন্দিরার উপরই গিয়ে না পৌছয় । তা হলেই ত গেছি আর কি ! হা হা হা ! শুনেছ ত—চন্দ্র গুরুপত্নী মানুসেন না—দেবরাজ স্বয়ং—( জিভ কাটিয়া ) ঘরে ঘরে—দাদা—ঘরে ঘরে ! তাইত বলছি—আমার মন্দিরাতীর উপরও শেষে কতজনার হাত এসে তাল ঠুকতে চাইবে—তা কে জানে !

জম্বক । বর্ব্বর ! ( চিত্রকেতুর কাণ ধরিল )

চিত্র । অ'্যা—এই-এই-এই—! বিয়ের আগেই তামাসা শুরু ক'লে—  
হাঃ হাঃ হাঃ—আরে বিয়ের আগেই—

জম্বক । যা কুকুর ! গৃহে ফিরে যা—( পদাঘাত )

চিত্র । অ'্যা—কুকুর ! অ'্যা—গৃহে যা !—তবে তামাসা নয় ! তবে সত্যি সত্যি—অ'্যা—আমি দেবরাজের ভৃত্য—আমার লাখি ?  
“পিপীলিকা ধরে পাখা মরিবার তরে ?” জান দেবরাজের হাতে বহু

আছে, কান্তিকের হাতে শক্তি আছে, যমের হাতে দণ্ড আছে, আর তাদের সবারই অন্তরঙ্গ ভৃত্য হচ্ছি আমি? আমার লাখি? কোমরে একখানা তরোয়াল ছিল—কোথায় গেল? ( তরোয়াল খুলিয়া ) জানিস ডিম্বক—দেবরাজের বজ্র আর কান্তিকের শক্তি—

জম্বক। বজ্র আর শক্তির আশ্ফালন কেন গন্ধর্বরাজ, তরোয়াল খুলেছ, এগিয়ে এস !

চিত্র। তরোয়াল খুলেছি শাসাবার জ্ঞা—এগিয়ে আসবার জ্ঞা নয় ! এগিয়ে যারা আনবে তাদের কাছে আমি এখনি যাচ্ছি ! বজ্রধারী ইন্দ্র, শক্তিধর স্কন্দ, দণ্ডধর যম—অ্যাঁ-অ্যাঁ-অ্যাঁ—দেবরাজ আমার—আমায় একটা দৈত্য অপমান করেছে—আপনি এর প্রতিকার করুন—অ্যাঁ—অ্যাঁ অ্যাঁ—

( ক্রন্দন করিতে করিতে প্রস্থান )

( নিবাতের প্রবেশ )

নিবাত। একি-একি সেনাপতি—

আর্তস্বরে রুদ্ভমান শূন্যপানে ধায়—

গন্ধর্ব-ঈশ্বর চিত্রকেতু—

একি অঘটন !

জম্বক। আনি দোষী—দৈত্যরাজ !

দণ্ড দেহ মোরে !

নিবাত। দোষী ? কিসে দোষী ?

জম্বক। গদাঘাত করিয়াছি অধম গন্ধর্বে—

নিবাত। জম্বক ! জম্বক !

জম্বক। রুদ্ধ ক'রে রেখেছি হৃদয়ের জ্বালা—

হৃদয়ের গোপন গহবরে ।



অকস্মাৎ ঋণিকের আত্ম বিস্মরণে  
 টুটিল সংঘম রাজা—  
 জলন্ত গৈরিক শ্রাব হ'ল উৎসারিত !  
 দণ্ড দাও—দণ্ড দাও প্রভু !  
 দানবের অমঙ্গল ঘটাইলু আমি !  
 নিবাত । আত্মবিস্মরণ ! আত্মবিস্মরণ !  
 হা জন্তক !  
 এই আত্মবিস্মরণে কালকেস জাতি  
 দুর্ব্বার দেবের অস্ত্রে হইবে বিনাশ !  
 নিজ চক্ষে দেখেছ জন্তক  
 দেবযজ্ঞ সভাগৃহে বেত্র নিয়ে করে  
 দ্বারী হ'য়ে রাজা তব রক্ষিয়াছে দ্বার—  
 দেখিয়াছ রাজাভুজ বীরেন্দ্র কবচে  
 পদাঘাতে নিষ্কাশিত হ'তে স্বর্গ হ'তে—  
 তবু দেখ নাই কভু হ'তে নিবাতের  
 আত্মবিস্মরণ !  
 ওরে মূঢ় ! দুর্ব্বলের আত্মবিস্মরণ  
 নামাস্তর আত্মবিনাশের !  
 বহুদিন—বহুযুগ লাঞ্ছনা সহিয়া  
 শূন্যদিনের অপেক্ষায় জাতির জীবন  
 কোনরূপে রেখেছিহু বাঁচায়ে জন্তক !  
 আজি তব এ অকাল আত্মবিস্মরণ  
 ঘটাইল মরণ তাহার !  
 জন্তক । প্রভু—প্রভু—হত্যা কর মোরে !

নিবাত : যাও বীর ! সাজ রণ সাজে—

দেবতা না রবে স্তম্ভ

সেবকের এই অপমানে !

আশু দেব-সিংহনাদ শুনিবে ভ্রমর

কালকের পুরীর তোরণে !

মৃত্যু হুনিশ্বর জানি, সাজুক দানব

আত্মরক্ষা তরে !

ভ্রমর । তাই হ'ক—

মরণে নির্বাণ হ'ক দানব জাতির

লাহনার জালা !

( প্রস্থান

নিবাত । বীরত্ব-বিলাসী যুবা ! সৌভাগ্য তোমার

রাজা নহ তুমি !

মরণে উল্লাস তব, রাজার বিষাদ !

রাজা চাহে শত ক্লেশ সহি'

বৈধ্য ধরি দুঃখনিশা করিতে যাপন—

আশায় বাঁধিয়া হিয়া—কবে সূর্য্যোদয়ে

প্রিয়মান জাতি পুনঃ উঠিবে জাগিয়া !

তৃতীয় দৃশ্য ।

স্বৰ্গ—মন্দাকিনী তীর

( উৰ্বশীর প্রবেশ )

উৰ্বশী । মরি মরি কি রূপ হেরিছ—  
 স্মর নর কিম্বদন্তি দানব অগণন  
 হেরিয়াছি হৃপকৃষ কন্দর্প জিনিয়া,  
 রমণীর চিত্তজয়ী হেন বিমোহন  
 বীরত্ব-মহিমাদীপ্ত অপরূপ রূপ  
 নয়নে হেরিনি কোন দিন !  
 হাস হাস পূর্ণশশী নিশ্চল গগণে—  
 স্বর্গের নিকুঞ্জ বীথি হও আমোদিত—  
 পারিজাত রেণুমাথা মলয় বাঞ্ছনে !  
 উৰ্বশীর অভিসারে হও অশ্রুকুল—  
 বসন্তের পিককুল আকুল উচ্ছ্বাসে !  
 মরি মরি দুর্বাদলশ্রাম—  
 নয়নাভিরাম মূর্তি অঙ্কিত পরাণে !  
 মীনকেতু—কর দয়া দাসীরে ভোমার—  
 আজি নিশি—কোনো মতে গিলাও বল্লভে !

( কামদেবের প্রবেশ )

কাম । পূর্ণকাম হও লো উৰ্বশী !  
 মদনের অপমান ক'রেছে অশ্রুর্ন—  
 কবচের তপোবিঘ্ন করি নিবারণ !

তার শান্তি লভুক দান্তিক—

লালসায় উর্বশীর হ'য়ে ক্রীতদাস !

উর্বশী । ডরি চিতে কবচেরে যে করিল ত্রাণ—

নিজে যদি কামজয়ী হয় সে মানব !

কাম । হাস'লে উর্বশী !

কামজয় উগদেশ অত্রে প্রদান—

আর নিজে আচরণ ইন্দ্রিয় সংযম—

এ দু'য়ের পার্থক্য অনেক !

শোন ধনি—মনোবাহু তব

স্বর্গেখর ইন্দ্রের বিদিত !

তারি উপদেশে—

সমাদরে আমন্ত্রণ করিয়া অজু'নে

স্বরধুনী স্বীপবক্ষে বিলাস তবনে

স্বর্গপুরে করেছি রক্ষণ !

সেথা স্বরধুনী জলে উঠে অবিরাম

বীচিকোতে স্মধুর তান,

সেথা পারিজাত কুঞ্জে উঠে সুকোমল

অদৃশ্য কিন্নর কণ্ঠে কামস্ততি গান—

সেথায় উর্বশী, আজি নিশি—

পদ্মগন্ধি মণিহর্যে বিলাস শরনে

অজু'নে ভজনা কর অনিন্দ্য-যৌবনে !

( প্রস্থান )

উর্ধ্বশীর গীত

মনকুঞ্জবনে—

জ্যোছনা করিছে ফাগুণের চাঁদে—

মধু অভিসার শয়নে !

সে মধুশয়নে বাহুর শিথানে—

হেরিবে ফাগুণ চাঁদ

শাঁওল-জ্যোছনা-নিছনি বঁধুয়া—

ধ'রেছি পাতিরা ফাঁদ—

হৃদি ফুলবন পুলক মগন,

প্রেমচাঁদিনী বরিষণে !

( ইন্দ্র ও কান্তিকের প্রবেশ )

ইন্দ্র ।

পরাজুত মীনকেতু কবচের পাশে,

অটুট সংঘম তার—শোন কান্তিকের !

তপঃ সিদ্ধি লভে যদি দুর্বৃত্ত দানব—

কালকেন্ন বিশ্বজয়ী হবে শিববরে !

কান্তিক ।

শুনি অনন্দের মুখে—এক তুচ্ছ নর

বিচলিত কবচেরে দিল উপদেশ—

যাহে চিন্তা স্থির করি পুনঃ তপস্তায়

নিমগ্ন হইল দৈত্য ।

ইন্দ্র ।

শিব-পুত্র ! শোন বার্তা—নহে তুচ্ছ নর !

পাণ্ডব অর্জুন সেই—নরোত্তম বলি

সখা সম্ভাষণ যারে করিলা কেশব

নর-দেহ-ধারী বিষ্ণু !

গুরুরূপে অৰ্জুনে বরিল কবচ !  
 অৰ্জুন থাকিতে শুচি—নাহি সাধ্য কারো  
 কবচের তপোবিস্ম করে পুনর্বার !

কান্তিক । এত কি কঠিন কার্য্য কহ সুরপতি  
 ক্ষুদ্র মানবের এক শুচিতা বিনাশ ?  
 ইন্দ্র । অৰ্জুনের রূপ-মুগ্ধা বিহ্বলা উর্কশী—  
 মানবের অভিসারে আগুয়ান আজি !

কান্তিক । চিরদিন নিম্নগামী গতি উর্কশীর !  
 স্নেহে পড়ে পুরুষ-প্রণয়ে মজিয়া  
 লভিল দুর্গতি কত ধরণী প্রবাসে !

ইন্দ্র । দূরে যাক উর্কশীর কথা—  
 আমি চাহি অৰ্জুনের নিরয় গমন  
 রমণীর মোহজালে হইয়া জড়িত !  
 অৰ্জুনে জিনিতে যদি না পারে উর্কশী—  
 কবচের তপঃসিদ্ধি অনিবাধ্য হেরি !

কান্তিক । শূলী শস্ত্র নহে এই মানব-সন্তান—  
 কামজয় করিবে হেলায় !  
 চিন্তাদূর কর সুরপতি !

( চিত্রকেতুর প্রবেশ )

চিত্র । অ্যা অ্যা অ্যা—দেবরাজ ! অ্যা অ্যা অ্যা—  
 ( ইন্দের পদদ্বয় জড়াইয়া ধরিল )

ইন্দ্র । একি ! চিত্রকেতু !

চিত্র। অ্যা অ্যা অ্যা—আমার কাণ ধ'রে—অ্যা অ্যা অ্যা—

ইন্দ্র। কাণ ধ'রে ? কে কাণ ধ'রেছে ? তোমার কাণ ধরে এমন হুঃসাহস কার ?

চিত্র। অ্যা অ্যা অ্যা—কাণ ধ'রে লাথি—অ্যা অ্যা অ্যা—

ইন্দ্র। তুমি ত আমার অহুমতি নিয়ে বিবাহযোগ্যা পাত্রী অহুসন্ধানের জন্ত গিয়েছিলে—এর মধ্যে তোমার কাণই বা ধ'রলে কে—  
তোমায় লাথিই বা মা'রলে কে ?

চিত্র। ডিম্বক—

ইন্দ্র। ডিম্বক ! সে কে ?

চিত্র। নিবাতের সেনাপতি !

ইন্দ্র। নিবাত ! কালকেয় নিবাতের সেনাপতি ? সে ত জন্তক—  
ডিম্বক হবে কেন ?

চিত্র। জন্তকই হ'ক আর ডিম্বকই হ'ক—সে আমার কাণ ধ'রবে কেন ? অ্যা অ্যা অ্যা—লাথি মারবারই বা সে কে ? অ্যা অ্যা অ্যা—

ইন্দ্র। কি হ'রেছিল খুঁজে বল চিত্রকেতু ! ব্যাপারটা বুঝতে না পারলে কিরূপে প্রতিকার ক'রব ?

চিত্র। আমি নিবাতের মেয়েকে বিয়ে ক'রতে চেয়েছিলাম—ভাইতে ডিম্বক—অ্যা অ্যা অ্যা—

ইন্দ্র। নিবাতের কন্যাকে দিবাহ ক'রতে চেয়েছিলে ? তারই জন্ত নিবাতের সেনাপতি তোমার অপমান ক'রেছে ?

চিত্র। আমি এত ক'রে বললাম যে দেবরাজের হাতে বজ্র আছে, দেবসেনাপতির হাতে শক্তি আছে, কিছুতেই সে ভয় পেল না !

কার্তিক। চিত্রকেতুর এ অপমান দেবগণেরই অপমান—দেবেন্দ্র !

ইন্দ্র। আমি বুঝতে পারছি না—কিসে পদানত কালকেয়গণের

অকস্মাৎ এত স্পর্শের উদ্বেগ হ'ল! কবচের তপঃসিদ্ধির আশাতেই  
জ্বারা এতটা আত্মবিস্মৃত হ'ল ?

কার্তিক । এর শাস্তি দিতে দেবতার পরাধুখ হবে না দেবেন্দ্র !  
তুমি ভেবো না চিত্রকেতু—কালকেন্দ্র দৈত্যগণকে সমূলে ধ্বংস ক'রে নিবাত-  
কৃত্ত মন্দিরার কেশে ধরে এনে তোমার সঙ্গে পরিণীতা করা হবে !

চিত্র । হেঃ হেঃ হেঃ—একেবারে কেশে ধরে ? অ্যা—একেবারে  
কেশে ধরে ? - হেঃ হেঃ হেঃ—আমি অভাগা ডিম্বকে তখনি বলেছিলাম  
যে দেবরাজের হাতে বজ্র আছে, শক্তিধরের হাতে—

কার্তিক । আদেশ দিন দেবরাজ ! দেবসৈন্ত সজ্জিত ক'রে আমি  
এখনই কালকেন্দ্র পুরী অবরোধ ক'রতে যাত্রা করি !

ইন্দ্র । উর্ধ্বশীর অভিসারের ফল কি হয়—আগে দেখা যাক কার্তিকেয় !

কার্তিক । ফল ? হাঃ হাঃ হাঃ—দেবরাজ ! মার্জনা করুন ! একটা  
স্বাব—সে কামজয় ক'রবে ? আপনি কি জানেন না যে বিশ্বমধ্যে  
কামজয়ী হরি এবং হর—আর তৃতীয় কেউ নেই ? যদি অসম্ভবই সম্ভব  
হয়, মার্জুন যদি কামজয়ী হয়ই, কবচ যদি তপস্রায় সিদ্ধিলাভ করতে  
ক্ষমার্থী হয়, তবেইবা এত আশঙ্কা কি ? শিবশূলের সারভাগে নিশ্চিত  
এই মহাশক্তি স্বপ্নের করগত থাকতে দেবগণের আশঙ্কা কি ?

ইন্দ্র । তোমরা মন্ত্রণাগৃহে যাও—আমি আসছি !

কার্তিক । এস চিত্রকেতু—তোমার অপমানের শাস্তি নিবাতকে  
দিতে হবেই—

চিত্র । ওসব যুক্তিবিগ্রহের কথা মথ্যে আমার কেন—দেবসেনাপতি !  
আমি বরং একবার ততক্ষণ অঙ্গরাজের সঙ্গে দেখা সাক্ষাৎ করে আসি !  
একটা কথা কেবল সময় থাকতে বলে রাখি—মন্দিরাঃ কেশে ধ'রে  
আনেন যদি—তা আমুন ! মোক্ষা বেচারী ব্যথা না পায় ! তার দোষ



নেই—সে বরং আমার দেখে মাঝে মাঝে ফিক্ ফিক্ ক'রে একটু একটু  
হেসেছেই ! খত দোষ ঐ ডিম্বকের !

( ইন্দ্র ব্যতীত সকলের প্রস্থান )

ইন্দ্র । যুগে যুগে হেরিয়াছি দৈত্যের উত্থান—  
ক্ষুদ্র বীজ মহাক্রমে হয় পরিণত !  
নাহি জানি কিবা আছে তাগো বাসবের !

( শচীর প্রবেশ )

শচী । পুণ্যভ্রষ্ট বাসবের নিয়তি পতন !  
ইন্দ্র । কে—ইন্দ্রাণী ? একি বাণী কহ সুরেশ্বরী ?  
শচী । একই নীতির সূত্রে দেব দৈত্য বাঁধা ।

সবি তুমি জান স্বামী !—তবু হায়—  
ভাগ্যদোষে আত্মহিত হও বিশ্বরণ !  
দেবতা বিধির নহে অতি প্রিয় সূত !  
পুণ্যকলে স্বর্গরাজ্য লভিয়াছ তুমি—  
অনাচারে অত্যাচারে বিশ্ববন্ধমাঝে  
তাণ্ডব তুলিতে তব নাহি অধিকার !  
কোনো দোষে দোষী নহে নিবাত কবচ—  
হীন চিত্রকেতু তরে তাহাদের পবে ।  
অত্যাচার সুরেশ্বরের যোগ্য কদাচন ?

ধর্মপথভ্রষ্ট যদি হও সুরোত্তম—  
স্বর্গভ্রষ্ট, লঙ্কাভ্রষ্ট হইবে বাসব !

ইন্দ্র । সত্য কহিয়াছ দেবী ! সঙ্কট মুহূর্তে  
বুঝি সত্য নিঃসারিত রসনায় তব !

কিন্তু দেবী ! চিত্রকেতু আশ্রিত আমার—

আশ্রিত রক্ষণ কার্য্য নহে বাসবের ?

শচী । শতক্রতু, আখণ্ডল, কশ্যপতনয়—

কৰ্মবলে ত্রিদিবের রাজত্ব লভিয়া

মদাঙ্ক অজ্ঞানসম আচর যজ্ঞপি,

নিবারিবে কে বল তোমারে ?

ভাগ্যচক্র আবর্তনে দৈত্যের তাড়নে

বুঝি জ্ঞানোদয় হবে তব পুনঃ !

যাক ! বিতণ্ডায় কাল ব'য়ে যায়—

দেহ অহুমতি প্রভু—

যাব আমি ভেটিতে অৰ্জ্জুনে !

ইন্দ্র । সে কি ? কেন কোতুহলী এত দেবেন্দ্রাণী

হেরিতে ধরার জীব নগণ্য মানবে ?

শচী । শুনিয়াছি তব মুখে, হস্তিনার রাজা

অপত্য বাসনা করি অর্চিলা তোমারে—

মাগি পুত্র সর্বগুণে সর্বনরোত্তম—

তুমি যথা সর্বোত্তম দেবতা সমাজে !

তোমারি প্রসাদে পাণ্ডু লভিল তনয়—

নরমাঝে ইন্দ্রসম শ্রেষ্ঠ সর্বগুণে !

হেরিতে বাসনা দেব—

অৰ্জ্জুনে ইন্দ্রের নর সার্থক কেমন !

ইন্দ্র । যাও দেবি ! কায়মনে কামনা আমার—

যে ইন্দ্রে আমার মাঝে বুধা খুঁজে মর,—

তার ছায়া পাও যেন দেখিতে বারেক—

ইন্দ্রবরলঙ্ক পাণ্ডু-তনয়ের মাঝে !

( প্রস্থান )

চতুর্থ দৃশ্য

স্বর্গ—দ্বীপহর্যা ।

কক্ষমধ্যে অর্জুন ।

অর্জুন । না জানি এ আসিছ কোথায় !

চারিভিতে বিলাসের সজ্জিত সস্তার,—

কক্ষতলে পদ্ম-গন্ধি প্রস্রবণ পরে

সপ্তবর্ণ ইন্দ্রধনু প্রকাশে সঘনে !

কলস্বনে শ্রোতস্থিনী বাতায়ন পাশে

বীচিভঙ্গে ব'য়ে বায়—সুখস্বপ্নসম

সঞ্চারি অন্তর মাঝে অজানা পুলক !

মায়াপুরী স্বর্গপুরী এই—

কোণায় মদন ? কোথা ইন্দ্র দেবরাজ ?

( উর্কশীর আবির্ভাব ও নৃত্য )

অর্জুন । একি হেরি ! ধীরে, ধীরে, ধীরে—

আধ আলো কক্ষমাঝে স্নিগ্ধ রশ্মিজাল

নৃত্যশীলা অঙ্গনার বরাঙ্গ বেষ্টিয়া

ধীরে ধীরে বিকশিল আঁখির সম্মুখে !

ব্রীড়ানত পদ্যনেত্র, নগ্ন গুহ্রবাহ,

আধ-অনার্যত বক্ষ চাহে আবরিতে—

লাস্তময়ী কে এই ললনা ?—

কোথায় সজ্জিত উঠে পুষ্পকুঞ্জে,

কি যেন কহিতে চায় স্বপ্নের বারতা

মৃদুভাবে কাণে কাণে মোর !  
 স্বর্ণপুরী নস্তোগের পুরী—  
 প্রসূক দুর্বল চিত্ত বিলাসের আশে !

( উষ্ণিয়া পাদচারণ )

তটিনীর নীলজলে স্বর্ণালোকধারা  
 কোন্ দূর শূন্য হ'তে বরষিছে শশী—  
 উদ্ভাসিত কেশবের নীলবন্ধ বেন  
 কোমলভের আলোক-ছটায় !  
 হে কৃষ্ণ করুণাময় ! পার্থসখা হরি !  
 প্রবাসে শত্রুর মাঝে রক্ষিও দাসেরে !

উর্বশী । সব্যসাচি !

অঙ্কুর । কে ডাকিল ? তুমি ভদ্রে ?  
 কহলো ভামিনী—  
 কোন্ প্রিয় কার্য্য তব সাধিবে অঙ্কুর ?  
 নিশাকালে আগমন কেন পার্থপাশে ?

উর্বশী । সেই রমণীর প্রিয় শোন প্রিয়বর —  
 ইন্দ্ৰিতে প্রাণের প্রিয়, যে বোঝে কামনা !

অঙ্কুর । না বুঝি ইন্দ্ৰিত ভদ্রে, ধরার মানব—  
 রূপসী নারীরে ডরি ভূজগিনী সম !  
 বিবে জরজর হ'য়ে কে চাহে মরণ ?  
 যে অমর, নীলকণ্ঠ, না ডরে গরলে—  
 বিচিত্র ভূজবহার তারি কণ্ঠে সাজে !  
 অমর বাহিতা ধনি ! নরগৃহে কেন ?

উর্বশী । মরে যে অমরী আজি মরজীব তরে !

হে নিষ্ঠুর ! রূপফাদে ধরি রমণীরে,  
এবে রূপ-রসদানে বিরূপ কি হেতু !  
ওরে নিষ্ঠুর নাগর !  
বিফল করিবে যদি নারীর বাসনা,  
কেন তবে রূপজ্বালে বাঁধিলে তাহারে ?  
কেন তবে দিলে দেখা হিমাচল বনে ?

অজ্জুন । হিমাচল বনে ?

কবচের তপোবিঘ্ন ক্ষণে ?  
তোমাতেই হেরেছিছু চঞ্চল কবচে  
আকর্ষিতে লোলুপ ঈক্ষণে ?  
হীনমতি হিংস্র ষাটুকরী—  
তুমি সেই ?  
যাও-যাও—কুটিল সর্পিনী—  
অজ্জুন কবচ নহে—  
না ভুলিবে পাপ ইন্দ্রজালে !

উর্কশী । ষাটুকরী ? কুটিল সর্পিনী ?  
ক্ষুদ্র নর করে এই স্পর্ধিত সম্ভাষ  
স্বর্গবাহু উর্কশীর প্রতি ?

অজ্জুন । উর্কশী ? উর্কশী তুমি ?

উর্কশী । সত্য, সত্য, আমিই উর্কশী !  
কর কমা—রোষে জ্ঞানহারী—  
কহিয়াছি কটুবাণী প্রিয়তমে মোর !  
না, না সখা—কহ মোরে সর্পিনী, রাক্ষসী—

কিবা ক্ষতি তাহে ?

শুধু—শুধু - পায়ে ঠেলে হ'ওনা নিদয় !

দেখ—দেখ—সত্যি উর্কশী !

অম্লান যৌবন চির এ তনুলতায়—

বসন্তের বিকশিত পুষ্পদাম সম !

পেলব এ যুগ্ম বাহ, এ রক্ত অধর,

এ পীন নিবিড় বন্ধ কামরঙ্গস্থলী,

কে আর উর্কশী বিন: পায়ে বল্লভেরে

প্রণয়ের দিতে উপহার ?

সত্যি উর্কশী বধু—প্রেমার্থিনী তব !

লহ বক্ষে—বিলম্ব না সহে !

অঙ্কুর। দেখি—দেখি—দেবি ! তুমিই উর্কশী ?

লইও না অপরাধ ! হেরিব বারেক !

এই কান্তি মুনিমনোলোভা,

উদ্ভিন্ন যৌবনে যেন বিমোহন রূপ,

উষার উন্মেষ সম নবীন আলোক

চঞ্চল নয়ন যুগে—উর্কশীর ইহা ?

যুগ পূর্বে কোরবের আদি পিতামহ

প্রকরবা যার প্রেমে হইলা উদাসী—

তুমি সেই অঙ্কুরের নমস্তা উর্কশী ?

মানিছ বিশ্বয় দেবি ! বংশ পরম্পরে

কত কুরুরাজবৃন্দ শাসিয়া ধরনী,

কালবশে কালগর্তে হইলা বিলীন—

তুমি আছ চিরস্থির অঙ্কুর যৌবনা—

রূপের শাস্ত্রী মূর্তি—সৌন্দর্যের দেবী !

লহ দেবি ! পার্থের প্রণাম !

উর্কশী । ষিক্—উন্মাদ প্রলাপ ! ছিঃ—ছিঃ—

পুরুষের মুখে হেন বাণী বিবশা নারীর তরে

কেবা পুরুষবা ?—মোর প্রেম সমুজ্জ্বল

কণিকের চপল বৃষুদ !

দিন আসে—দিন যায়—

নিত্য নব অলি আসি করে আনাগোনা—

উর্কশীর প্রণয়ের নিকুঞ্জ দুয়ারে !

নিত্য রাত্রি কাটে প্রেমোৎসবে—

নিশিগেষে শুকমালা বিশ্বত প্রেমের

বিশ্বতির অন্ধকারে করি বিসর্জন !

ওরে ছল কপট বঁধুয়া—কিবা চিন্তা আনমনে ?

কাল বয়ে যায়—

ফুরাবে যে স্থখের যামিনী

পালটিতে আঁখির পলক !

আজি নিশি ভজিছু তোমায়ে—

আজি তুমি উর্কশীর প্রেমের কাণ্ডারী

কামনার পারাবারে যৌবন তরীর !

নহে—নহে—আর নহে কথা !

ওরে মুঢ়—তাজ বাতুলতা,

ধৈর্য না মানে আর রমণীর প্রাণ !

অর্জুন । ষিক্ এই নিগ্গজ্জ কামনা—

উল্লস কামের এই বীভৎস মূর্তি !

বাও, মোরে কর পরিহার—  
 হীন লিপ্সা পূর্ণ কভু না হবে তোমার !  
 তীর্থ যাত্রী ব্রতাচারী আমি !

উর্কলী । ব্রতাচার ! তীর্থযাত্রা !

সে ত শুধু স্বর্গবাস আশে !  
 এই ত স্বরগধাম, স্বর্গাঙ্গনা আসি  
 সেবিছে চরণ তব প্রেমাঞ্জলি করে !

ওরে রে চপল, কেন কর ছল—  
 বাধা দিয়ে নেহার' কৌতুক ?

আকুলতা কামিনীর মুখে—  
 শুনিতে কি এত লাগে ভাল ?

রাখ বঁধু—তাজ কপটতা—  
 মরে নারী—তবু নাহি দয়া ?  
 এস বাহুপাশে—এস এ উরসে—

সরস অধরে অধর পরশ দেহ !  
 ওরে মোর নবীন ভ্রমর !

তনুবনে ফুটেছে যে ফুল—  
 পশি সেথা মধু কর পান !

ধরি পায়—কথা না যুগ্ম—  
 রসনা বিবশ—ভাষা সরে না লালসে !

হুকহুক হিয়া, হৃদয় মথিয়া  
 যৌবন লুপ্তন কর সখা !

অর্জুন । দূরে যাও নিলজ্জা কামুকী—



কাম নহে অধিকারী স্পর্শিতে অর্জুনে !

কৃষ্ণ সখা কামজয়ী কৃষ্ণের প্রসাদে !

উর্বশী । আরে রে অধম !

উর্বশীর প্রেমভিক্ষা কর প্রত্যাখ্যান ?

ভেবেছ কি মনে—

স্বর্গবান্ধা উর্বশীর করি অপমান

মর্ত্যজীব তুচ্ছ নর যাইবে ফিরিয়া

নিরাপদে মর্ত্যবাসে শির উচ্চ করি ?

অভিশাপ—অভিশাপ—

দলিতা সপৌর ফণা উগারিবে বিষ—

মর্মাহতা রমণীর হৃদয়ের জালা—

অভিশাপে দগ্ধ তোরে করিবে অর্জুন !

অর্জুন । দেহ অভিশাপ দেবি ! বংশমাতা তুমি—

আশীর্ব্বাদ সম তাহা ধরিব মন্তকে !

উর্বশী । অহো—অসহ্য বিদ্রূপ !

রে দাস্তিক ! ক্লীব সম আচরণ তোর—

ষাটিকা নারীর পরে হীন অবহেলা !

দিহু অভিশাপ—

ক্লীবত্ব হইবি প্রাপ্ত বিসর্জি পৌরুষ !

( প্রস্থান )

অর্জুন । হা কৃষ্ণ ! কেশব ! সখা ! মৃত্যু দাও মোরে !

এর চেয়ে—এর চেয়ে—মৃত্যু বরণীয় ।

( শটীর প্রবেশ )

শটী । ভাজ কোভ কামজরী নরোত্তম শূর !  
 অভিলাপ পুষ্পমালা হবে কণ্ঠে তব !  
 দ্যুতকালে প্রতিশ্রুত ছিলে পঞ্চভাই  
 বর্ষকাল ছদ্মবেশে যাপিবে অজ্ঞাতে !  
 দেবতার আশীর্বাদ—শোন সবাসাচি !  
 ভস্মাচ্ছন্ন বহি সম ক্লীব বেশ ধরি  
 বর্ষেক যাপিবে মাত্র উর্কশীর শাপে —  
 বর্ষ-অন্তে শাপমুক্তি হবে পূণ্যবলে,  
 মেঘমুক্ত পার্থ রবি উদিকে ধরায় !  
 অর্জুন । মাতা ! মাতা ! বহুমানে লইলু আশীষ  
 লহ মাতা স্বর্গেজ্ঞানি ! প্রণতি পুত্রের ।

# দ্বিতীয় অঙ্ক

## প্রথম দৃশ্য

হিমাচলে কবচের ভূপোবন ।

( কবচ )

কবচ । সদাভয়—মতিভ্রংশ হয়—

পুনঃ বা নারীর ফাঁদে জড়ায় অনক !

দৈত্যের উত্তপ্ত রক্ত ধমনীতে বহে,

প্রলোভনে অনায়াসে লুপ্ত হয় হিয়া !

হে পাণ্ডব ! জিত-কাম শুচি-শুদ্ধ বীর !

দাও গুরু দাও দেখা সঙ্কটের কালে !

নয়ন সম্মুখে রহ অধম শিষ্যের,

তোমার আদর্শ-বলে হব আত্মজয়ী !

( তপোমহ )

( অর্জুনের প্রবেশ )

অর্জুন । নাহি জানি কেন মনে জাগিল বাসনা

হেরিতে তপস্কারত কবচে আবার !

স্বর্গের পাপের ক্রন্দ পঙ্কিল প্রবাহে

বহিয়াছে অক মোর শোষ্ট চারি ভিতে,

মানি-অবসন্ন চিত্ত মাগে পরশন—

তপস্বীর পুণ্যান্নিধি নিঃশ্বাস পবন !

হে কবচ ! বিশ্ব জুড়ি পাপের তাণ্ডব,

অহমিকা দম্বভরে জয়ধ্বজা তুলি

অর্গে মর্ত্যে দিগ্বিজয়ে করে বিচরণ !  
 তপস্বী তোমার বন্ধু করিতে নিরোধ—  
 সে অবাধ স্বৈরাচার পুণ্যশক্তি বলে !  
 কর তপ—আমি হেথা রহিছ প্রহরী !  
 ইউক তোমার জয়—বিশ্বরাজ্য মাঝে  
 সূর্য্যতেজে হোক পুনঃ ধর্ম্মের উদয় !

( নেপথ্যে সঙ্গীত )

একি ! একি ! বামাকষ্ঠ ধ্বনি  
 পুনঃ শুনি কবচের তপোবন পাশে !  
 পুনঃ কি উদ্দেশ্য এল ছগ্নিতে কবচে !  
 ক্ষমা না করিব—  
 গুরুদত্ত অমোঘ সায়কে—

মদনে উর্ব্বশীসনে নাশিব নিশ্চয় !

( মন্দিরা ও সখীগণের প্রবেশ ও সখীগণের গীত )

গান

সোণার তারাকুল—মোদের সোণার তারাকুল !  
 আজকে তোমায় লুকাই কোথায় ভেবে না পাই কুল !  
 আজ ভুবনে তুললে মাতন ঝড়ের পাখা সই !  
 রক্তরেখায় দিগ্‌বালিকার ললাট অঁকা ওই ;  
 পূর্ণমাসীর শশী ঢেকে উড়ল মেঘের চুল !

মন্দিরা । সখি ! এই বুঝি সেই পুণ্য বন—

দৈত্যআশারবি যেথা সাধনা-মগন

দৈত্যের মুক্তি গালি !

তপোবিষ্ম পিতৃব্যের করিওনা সখি—  
 দূর হতে পুণ্যমুষ্টি নেহারি বারেক  
 উদ্দেশে প্রণমি পায় লইব মেলানি !  
 হে পিতৃব্য ! মন্দিরার পরিণয়-বলি  
 প্রয়োজন কাম-যজ্ঞে পাপ গন্ধর্কের—  
 কেহ নাই মন্দিরারে রক্ষিতে সঙ্কটে,  
 দৈত্যাকুল ব্যাকুল তরাসে !  
 হে পিতৃব্য ! নাহি ক্ষতি, মরুক মন্দিরা !  
 চির বিদাখের ক্ষণে দৈত্য গৃহ হ'তে  
 মাগি শুধু—সিদ্ধ হোক তপস্বী-তোমার—  
 দৈত্যের দুঃখের নিশা হোক অবশান !  
 আর যেন দৈত্যাকুল কুমারী নিচয়—  
 দেবতার লালসার নাহি হয় বলি  
 অভাগিনী মন্দিরার মত !

( প্রস্থানোক্ত )

অর্জুন । হে কুমারী ! ক্ষণিক দাঁড়াও !  
 ধনুঃশর ধারী আমি—নহি শক্তিহীন  
 আর্ন্তরে করিতে রক্ষা হ'লে প্রয়োজন ।  
 মন্দিরা । কেবা তুমি বীরবর—এ সিদ্ধন বনে ?  
 দেহের ক্ষটিকস্বচ্ছ হারণ ভেদি—  
 আত্মার প্রদীপ্ত অগ্নি তাতে পুণ্যালোকে ?  
 দৈত্যরাজ হুহিতার লগ্ন নমস্কার !  
 অর্জুন । কবচ পিতৃব্য তব কুমারী মন্দিরা ?  
 কোন্ গন্ধর্কের সনে বিবাহের ভীতি—

নয়ন-উৎপলে অশ্রু এনেছে তোমার ?  
কহ বালা—তপোময় এথনো কবচ—  
কবচের বন্ধু আমি—নিজ শৌর্য বলে  
গন্ধর্বে নাশিতে পারি চক্ৰের নিমেষে  
যদি বালা কর অমুমতি !

সন্ধিয়া । ক্ষম বীর মতিহীনা দানব স্ততারে !  
স্বরদল গন্ধর্বের বল—  
স্বরপাশে পদানত আজি দৈত্যজাতি !  
তব অস্ত্র বিতাড়িত করিলে গন্ধর্বে—  
ক্রুদ্ধ দেবতার রোষ দহিবে দানবে !  
তুমি ত রবে না বন্ধু ধনুঃশর ধরি  
চিরদিন দৈত্যপুরে রক্ষিতে নিবাতে !  
অপরের আত্মকুল্য, ক্ষণিকের দান—  
চির দিবসের দৈন্তা ঘুচিবে কি তায় ?  
ক্ষমা কর বীরমণি—করুণা তোমার  
লইতে সাহস নাই দানব কন্টার ।

অর্জুন । তবে—তবে—এই শতদল  
অযোগ্যের কণ্ঠভূষা হইবে ললনে ?  
ধিক মোরে—নারিহু মুছাতে  
অবলার নয়নের বারি !

সন্ধিয়া । কেন বুধা পরিতাপ বীর !  
যতদিন শক্তিহার্য দানব নিচর  
কবচের তপাচারে না লভে শক্তি,  
ততদিন নিত্য সঙ্গী অশ্রু হাহাকার

তপ্তশ্বাস দৈত্যপুরে—দৈত্য অন্ধনার !

বীরমণি—লইওনা অপরাধ !

হেরি মলিন বদন, করুণ নয়ন তব

অভাগিনী মন্দিরার তরে !

যদি কর দয়া—দেহ পরিচয়—

নাম তব আমরণ রাখিব শ্রমণে !

অৰ্জুন । আমি দেবি, পাণ্ডব অৰ্জুন !

( প্রস্থান )

মন্দিরা । অৰ্জুন !—অৰ্জুন । পাণ্ডব অৰ্জুন !

হায় ভাগ্য—

চিত্রকেতু-অস্ত্রপুরে প্রবেশের ক্ষণে

তোরণ প্রাঙ্গন হতে কেন বা হেরিহু

অপূর্ব সৃষ্টির সার—পুরুষ রতনে ?

অৰ্জুন—অৰ্জুন—পাণ্ডব অৰ্জুন !

এস—সখিগণ !

( প্রস্থান )

## দ্বিতীয় দৃশ্য

### বর্গ—তোরণ

( বর-বেশে চিত্রকেতুর প্রবেশ, সঙ্গে দেবতা ও গন্ধর্বগণ )

চিত্রকেতু । দেব সেনাপতি ! আপনি কিন্তু আমার সাথে সাক্ষ  
থাকবেন ! যে ডিঙ্ক রংয়েছে সেখানে—আমার ভয় করে ! ব্যাটা  
গোয়ার—বর্কর !

কার্তিক। ভয় কি চিত্রকেতু—আমি তোমার সঙ্গে সঙ্গেই আছি !  
না ত বাসর ঘরেও তোমার সঙ্গী হতে রাজী আছি ।

চিত্র। না—না—না—না—না, ওই বাইরে থেকে পাহারা দিলেই হবে ! ভয় হ'ল ওই ডিঙ্গককে ! মন্দিরা লক্ষ্মী মেয়ে—একেবারে যেন লক্ষ্মীসতী লতাটী ! একটু ফিক্ ফিক্ করে হাসে যখন—এই গালদুটিতে টোল খেয়ে যায়—উ—হ—হ—হ !

কার্তিক। ওকি, তুমি চক্ষু মুদে কাঁপতে শুরু করলে যে !

চিত্র। না—এই বলছি মন্দিরার কেশে ধরে আনবার কোন দরকার হবে না ! আপনি ওই ডিঙ্গকটাকে সায়েস্তা করে দেবেন—আমি দেখেবন ড্যাং ড্যাং করে বাজনা বাজিয়ে টোপের মাথায় দিয়ে বৌ নিয়ে ফিরে আসব—হিঃ-হিঃ-হিঃ-হিঃ-হিঃ—

কার্তিক। ওকি, হেসে গলে পড়লে যে !

চিত্র। সে বৌ যে কি বৌ—হিঃ-হিঃ-হিঃ-হিঃ-হিঃ—দেব সেনাপতি !  
(অনবরত হাস্ত) অমন বৌ কারু বাপ-দাদাও কখনো দেখেনি ! কী অর রং—কী তার চং—কী তার চটক ! তাক লাগিয়ে দেব দাদা !

কার্তিক। তুমি বাজনা বাজি নিয়ে এগোও চিত্রকেতু—আমার একটু কাজ আছে, আমি গিছে আসছি ।

চিত্র। এ্যা—সেকি ?

কার্তিক। আমার কেমন ভাল লাগছে না চিত্রকেতু ! (হতাশভাবে)  
তুমি করবে বিয়ে—কি তার রং, কি তার চং, কি তার চটক !—(সনিঃস্থাসে)  
আর আমি ফ্যাল ফ্যাল করে তাকিয়ে থাকব—ও আমার ভাল লাগছে না !

চিত্র। (কার্তিকের পায়ে ধরিয়) আমার ভরাডুবি করবেন না দেব সেনাপতি !



কার্তিক । দেবরাজ যার কিছুতেই মত দিতে চান না—তার আশঙ্কা কবচ সিঁদিলিভ করবে—অজ্ঞান তার সহায়—এ সময় কালকেয় দৈত্যদের ঘাটান ভাল নয় ! আমি যার জোর করে—এক রকম দেবরাজকে অগ্রাহ্য করে দেবসৈন্য সাজিয়ে তোমার সঙ্গে যাবার জন্য তৈরী হলাম—

চিত্র । আপনি আমার বাবা—বাবায়ও ছেলের বিয়ের জন্য অতটা করে না—

কার্তিক । তাইত বলছি, এত কাণ্ডকারখানা করে—এখন কিন্তু মনটা আমার বড় দমে যাচ্ছে ! জানইত কামদেবের কী অত্যাচার আমাদের দেবতাদের উপর ! আমি যদি শেষকালে মন্দিরার রং আর ঢং আর চটক দেখে—মাথা ঠিক রাখতে না পারি—

চিত্র । না হয় বেঠিকই হবে—বিয়েটা ত হয়ে যাক—বৌটা ঘরে ত আসুক—তারপর আপনিই বা যাচ্ছেন কোথায়—আমিই বা যাচ্ছি কোথায় ! ( সরোদনে ) তাই বলে আমার ভরাডুবি করবেন—ও দেব সেনাপতি—আমার ভরাডুবি করবেন ?

কার্তিক । পাষণ্ড ! এত নাচ এই চিত্রকেতু ? ওকে লাথি মারবে না ত মারবে কাকে ?

চিত্র । আজ্ঞে সেনাপতি—দোহাই কিন্তু—ভরাডুবি করবেন না—দোহাই ! এই মন্দিরার সঙ্গে বিয়েটা দিয়ে দিন—তারপর দেখবেন—তারপর দেখবেন—

কার্তিক । হ্যা-হ্যা-হ্যা—আচ্ছা ! টোপরটা কিন্তু শক্ত করে মাথায় ঠেঁট নিও চিত্রকেতু ! বিয়ে এখন—এবার যদি সখস্কারী ঠাট্টা করে কাণ ধরেই টানে—টোপরটা ফেন মাথা থেকে পড়ে না যায় । আরে—অপ্সরাগুলো গেল কোথায় ? যাত্রার মুখে বরখাতীদের একপাত্র করে সুখা দিয়ে মিষ্টি মুখ করাবে—এটুকু উপকারও কি তাদের দ্বারায় হবে না ?

চিত্র। এইও কে আহিস্—ডাক—ডাক—উর্কশী, রস্তা, মেনকা  
সবাইকেই ডাক—সুধা দিক—মধু দিক—দেব সেনাপতি যা যা চান সব  
দিক !

( অপরাগণের প্রবেশ, নৃত্য-গীত ও সুধা পরিবেশন )

গান

আজকে বঁধুর বিয়ে !

বন থেকে বেরুলো টিয়ে টোপর মাথায় দিয়ে !

আজকে বঁধু মোদের কেন ডাক ?

বধু নিয়ে মধুর নিশা মজায় ম'জে থাক !

সুধার আশা মিটাও বধুর অধর-সুধা পিয়ে !

তৃতীয় দৃশ্য

কৈলাস পর্বত ( মহাদেব ও দুর্গা )

প্রথমগণের গীত

জয় শিবশঙ্কর ধূর্জটী হর জয় !

বিশ্বের যত বিষ কণ্ঠেতে কর লয় !

দিগ্‌বাস ভূতপতি বিজুতি অজে,

শ্রশানে সদা গতি পিশাচ সঙ্গে—

বম্ ভোলা রবে নতি—করে চরাচর-ময় ।

দুর্গা। আজি কেন বিচঞ্চল হেরি ভোলানাথে ?

ভরি মনে শাস্ত সিদ্ধ হেরি উঘেলিত ।

মহা । সবি জ্ঞান বিশ্বমাতা—হিমাচল বনে  
কবচের তপ পূর্ণ হইবে অচিরে !

চূর্গা । তপ পূর্ণ হবে সাধকের—  
এর চেয়ে শরীরের কি আছে আনন্দ ?

মহা । সত্য দেবি । তপাচারে করি আত্মজয়  
সাধক লভিলে সিদ্ধি—প্রীত সদাশিব !  
কিন্তু নহে আত্মজয়ী দানব কবচ—  
অস্তুরে গোপনে রাজে ষড়রিপুচর—  
শিব বরে শক্তি লভি হইলে দুর্ব্বার,  
কাম ক্রোধ জিঘাংসায় ত্রিলোক মাঝারে  
ঘটাবে বিপ্লব ঘোর—ওরি মহেশ্বরী !

চূর্গা । নাহি বুঝি রহস্ত ধূর্জটি !  
কেমনে লভিবে সিদ্ধি রিপুর সেবক ?

মহা । গুরুর প্রসাদে দেবি ! আত্মজয়ী বীর,  
নরদেব সব্যসাচি রক্ষিছে কবচে—  
উগ্র নেত্রানলে তার হিমায়ণ্য হ'তে  
তপোবিষকারী অরি লুকায় তরাসে,  
বিভাড়িত কামদেব—পরাস্ত বাসব—  
নিঃশঙ্কে আচরে তপ দানব কবচ !

চূর্গা । তুমিহু অপূর্ব্ব বার্তা—গুরুশক্তিবলে  
আত্মবল-হীন দৈত্য লভে শিববর !  
অসংখ্যমী দৈত্য করে রক্তশক্তি সঁপি  
বিশ্বের সংহার শেষে ঘটাবে কি নাথ ?

মহা । নিরুপায়—মহাদেবি—নিরুপায় আমি !  
 সাধকের ইচ্ছাশক্তি মৰ্ম্মগ্রস্থি মোর—  
 যবে করে আকর্ষণ নির্দয় গীড়নে—  
 নাহি সাধ্য বাহ্য তার রাখি অপূরণ !  
 যুগে যুগে এই মত নিমিত্তের ভাগী—  
 দৈত্যকরে জগতের হেরি নির্ঘাতন !  
 নীতিচক্র আঘর্ণিত লীলাময়-করে,  
 ওঠে পড়ে দেব দৈত্য ইন্দ্ৰিতে তাঁহার—  
 তপস্তার ফলদান তার মাত্র মোর !  
 একি ! একি ! কৈলাস ভূধর-বক্ষ ভেদি  
 সামগান নিঃসারিত কার স্তব গানে ?

( নেপথ্যে স্তব গান )

নমো নারায়ণ—নমো নারায়ণ !  
 দীনতারণ হরি—নমো ভয় বারণ !  
 হরি নারায়ণ—নারায়ণ হরি,  
 ভুবন পাবন দেহ চরণ তরী,  
 মূর-নাশন নমো মুরলীবাদন !

মহা । দেবি ! দেবি ! অচ্যুতের হল আগমন !  
 সিদ্ধগণ গাহে স্তুতি ব্যোমপথ তুড়ি ।  
 হরি—হরি—বিশ্বদেব ! নরদেহ ধরি  
 তবু তুমি ভোল নাই পাগল ভোলায়ে !

( কৃষ্ণের আবির্ভাব )

কৃষ্ণ । দিগম্বর মহাক্রুদ্র কপর্দী ভৈরব !  
 ধরার মানব কৃষ্ণ প্রণমে চরণে !  
 মহা । বনমালী বংশীধারী হে বিশ্বগোপাল ।  
 পাগলে 'ভোলা ও কেন ছল-চুড়ামণি !  
 ধরার মানব কিম্বা বৈকুণ্ঠের হরি—  
 লহ কৃষ্ণ ! শঙ্করের নতি রাজ্য পায় !

দুগা । আমি শুধু চেয়ে দেখি অপূর্ব মিলন—  
 হরি-হর যুগ্মরূপে বিচিত্র প্রকাশ—  
 পরমাত্ম মহাশক্তি মহাবিরূপের !  
 হরি ! হরি ! নতশির চাহে লুটাইতে  
 বিরিকি বাঙ্কিত ওই চরণ সরোজ্ঞে ।  
 পুনঃ চাঁদমুখ হেরি চাণ্ডে মাতৃহিয়া  
 পুত্র বলি নিতে অঙ্কে বিশ্বের পালকে ।  
 তুমি পুত্র তুমি পিতা চিরসঙ্গী তুমি—  
 চিরযুগ অদর্শন বিরহের ব্যথা—  
 দাঁড়াও অচ্যুত ! তৃপ্ত হোক দরশনে !

কৃষ্ণ । হায়—হায়—ঠেকিছু কি দায় !  
 বিপদে পড়িছু এসে পিতৃ মাতৃ পাশে !  
 দেখি হুই দেব দেবী সমান উন্মাদ—  
 মানবে করিতে চাণ্ডে বিষ্ণু চক্রপাণি !  
 কহি স্পষ্ট কথা—রাখ ছল মাতা !  
 —ছলনা করিলে রোষে ফিরিব ধরা;  
 আমি কৃষ্ণ গোপালক স্তূত—

- বৈকুণ্ঠের কোন ধার ধারি না জীবনে !  
 ক্ষুধায় কাতর দেহ, দেহ অন্নপানি !  
 দুর্গা । অন্নপানি তোমারে কে দিবে চক্রপানি !  
 অন্ন তব চতুর্বেদ, বেদমূর্তি প্রভু !  
 পানীয় অমৃত-গীতা—মুক্তিময়ী বাণী !  
 কৃষ্ণ । ভাল—ভাল—বাক্য ব্রহ্ম শুনেছিছু কাণে !  
 হেরিছ ব্রহ্মাণ্ডময়ী বাক্যময়ী শুধু !  
 ক্ষুধা তৃষ্ণা হ'ল দূর—যাই গৃহে ফিরি ।  
 শিবভক্ত কে সাধক কোথা করে তপ—  
 চঞ্চল শিবের মন যেতে তার পাশে !  
 আমি ব'সে শুধু কেন ঘটাই জঞ্জাল !  
 বহা । কবচের তপ-সিদ্ধি ঘটাইলে তুমি  
 প্রিয় সখা অজ্জু'নে করে যিগ্না নিয়োগ !  
 এইবার বিশ্বনাথী লভিবা শক্তি  
 কবচ যতপি হয় ঘোর অত্যাচারী—  
 কহিও অজ্জু'নে তব দমিতে তাহারে ।  
 কৃষ্ণ । আমি ? আমি ? হের অপবাদ !  
 শোন মাতা সত্য কহি—বিন্দু বা বিসর্গ—  
 নাহি জানি কবে দৈত্য বরিল অজ্জু'নে  
 গুরুপদে ! অজ্জু'নে ভেটিব যবে পুনঃ,  
 অবশ্য প্রচণ্ড গালি দিব সে নিকোঁড়ে—  
 দানবের গুরু হয় কোন দুঃসাহসে !  
 কবচ যতপি হয় ঘোর অত্যাচারী—  
 আমার তাহাতে ক্ষতি কিবা ?

আমি থাকি কিছুমধ্যে দূর দারকার—  
 জরাসন্ধে যেথা হ'তে দেখাছু হেলায়  
 বৃদ্ধাঙ্কুঠ ! কবচ কি করিবে আমার ?  
 যাই বৃথা বিতণ্ডায় ক্ষুধা ওঠে বেড়ে !  
 ইন্দ্র ই'ল অত্যাচারী—যতপি কবচ  
 ইন্দ্রপাত করে বলে লভি শিবশূল,  
 আমার কি প্রয়োজন সে বৃথা চিন্তায় ?  
 কবচ হইবে পুনঃ ঘোর অত্যাচারী—  
 আশঙ্কা শিবের যদি—  
 শিবশূলসারঙ্গী অস্ত্র পাশুপত  
 সতি কোন দেব কিংবা দৈত্য কিংবা নর  
 শূলধারী কবচের করিবে দমন !  
 চিন্তার কি প্রয়োজন—বুঝি না কিছুই—  
 ক্ষুদ্রবুদ্ধি নর আমি—ঘুরে ওঠে শির !  
 মহা । পাশুপত ? লভিবে সে আদি গ্রহরণ  
 কবচ দমন তরে দেব কিংবা নর ?  
 নর ? কেবা সেই নর ? নহে কদাচন  
 নরদেহধারী কৃষ্ণ ?  
 কৃষ্ণ । অতীব ক্ষুধার্ত আমি—কহি অকপটে !  
 মাতা—মাতা—ভাঙ্গড়ের সিদ্ধিভাণ্ড তুলি  
 ঢালিব কি শেষে কণ্ঠে উদর জালায় ?  
 মহা । রহ ! রহ !—কৈলাসের বায়ুস্তর ভেদি  
 অসহ্য অনল শিখা ধায় উল্লম্বনে—  
 শ্বাসরোধ হয় মহেশের !

কৃষ্ণ ! কৃষ্ণ ! তপঃসিক্ত দানব কবচ !

তারি তপস্রার এই প্রদীপ্ত অনল !

দেবজয়ী অস্ত্র দৈত্য মাগে রুদ্রশূল !

দুর্গা । মাগে রুদ্রশূল ?

নহা । রুদ্রশূল মাগিছে কবচ !

কহ কৃষ্ণ ! মহাশক্তি মহামায়া কালি !

কহ মোরে—

অসংখ্যমী দানবেরে অর্পিব কেমনে

মুক্তিধারী শৈব তেজ্র সংহার ত্রিশূল ?

কৃষ্ণ । আমারে বৃদ্ধপি পুছ—দাও তারে শূল !

জঙ্ঘাল ঘুচায়ে চল—দেখি কিবা আছে

অন্নপূর্ণা মাতার ভাণ্ডারে !

দুর্গা । জানি না কৃষ্ণের মনে কিবা অভিলাষ—

কপটের লীলা নাথ ! বুঝিবারে নারি !

অচ্যুতের বাঙ্খা দৈত্যে শিব শূল দান—

কর পূর্ণ বাসনা কৃষ্ণের !—

মহা । তাই হ'ক—তাই হ'ক—

পূর্ণ হ'ক ইচ্ছাময় বাসনা তোমার !

রে দৈত্য কবচ ! লহ সংহার ত্রিশূল !

পাপাচারে অগোরব না কর তাহার !

( মর্ত্য্যাতিমুখে শূল নিক্ষেপ )



## দৃশ্যান্তর

হিমাশ্রয়-বনে তপশ্চাময় কবচ

কবচ । জয় শম্ভু ! মনস্কাম পূর্ণ এতদিনে !  
 গুরু ! গুরু ! পূর্ণ মনস্কাম—  
 তপঃসিদ্ধ দৈত্য আজি শিবের প্রসাদে—  
 শিবশূল করিয়াছি লাভ !  
 নাহি ডরি দেবদলে আর—  
 আখণ্ডে পদাঘাতে স্বর্গভ্রষ্ট করি  
 বৈজয়ন্ত সিংহাসনে বসিবে কবচ !

( অর্জুনের প্রবেশ )

অর্জুন । প্রীত আমি দৈত্যবর ! কামনা আনার—  
 শিব বর-লব্ধ শক্তি কর নিয়োজিত  
 বিশ্বের কল্যাণে !  
 অধর্মের স্বচ্ছাচার হউক বিনাশ—  
 ধর্মের প্রতিষ্ঠা হ'ক তব বাহুবলে !

# তৃতীয় অঙ্ক

প্রথম দৃশ্য

কালকেয়পুরী

( নিবাত ও জম্বক )

জম্বক । সত্য কি বারতা দৈত্যপতি—  
চিত্রকেতু গন্ধর্বেরে প্রেরিয়াছ দূত  
আসিতে বিবাহ সাজে কালকেয় পুরে ?  
নিবাত । নহে মিথ্যা সেনাপতি !  
জম্বক । ধিক্ ধিক্ মহারাজ !  
এর চেয়ে এ জাতির ধ্বংস ছিল ভাল !

( মন্দিরার প্রবেশ )

মন্দিরা । অহুচিত এ যিকার পিতারে জম্বক !  
আমিই कहিছ তাঁরে ধরিয়া চরণ—  
হাসিমুখে গন্ধর্বের যাইব ভবনে—  
জাতির নিধন নাহি হেরিব কলহে !  
জাতিরে বাঁচায়ে রাখ শত দুঃখ সহি !  
পিতৃব্য আসিবে ফিরে তপঃসিদ্ধি লভি—  
নবতেজে দৈত্যজাতি হবে সুহৃৎসর—

অভীতের লাহনার নিবে প্রতিশোধ !  
অকালে অধীর হ'য়ে নাশিও না জাতি !  
( নেপথ্যে শব্দ ও ভেরীধ্বনি )

জম্বক । মহারাজ ! মহারাজ ! দেবতুর্ধানাদ—  
চিৎরকেতু এল বুঝি পুরীর দুয়ারে !

( দ্রুত প্রস্থান )

মন্দিরা । যাও পিতা—যাও তুমি জম্বকের সাথে !  
অধীর উন্নত যুব—যুক্তি নাই মানে—  
বিবাদ বাধায় বুঝি গন্ধর্বের সনে !

নিবাত । যাই—যাই—মন্দিরা আমার—  
সত্যই আসিল তবে বিদায়ের ক্ষণ ?

মন্দিরা । পিতা—পিতা ! চো'খে কেন জল ?  
( রুদ্ধস্বরে ) কত্না ত জনমে শুধু খেতে পরবাসে ।

নিবাত । না—মন্দিরা—কাদি নাই আমি—  
যাই দেখি—অতিথির করি অভ্যর্থনা !

( প্রস্থান )

মন্দিরা । হায় পিতা—প্রাণ জলে যায়—  
শুষ্ক হস্তে কহ তবু শুষ্ক আঁখি তুলি—  
“কাদিনি মন্দিরা আমি !”  
এই মৌন আত্মত্যাগ জাতিরক্ষা তরে—  
জম্বক বুঝিবে কিসে নির্যোধ সৈনিক ?

( নেপথ্যে বাস্ত্র ধ্বনি )

বাজিল মঙ্গল বাদ্য—এল চিৎরকেতু—  
ওরে সখি ! বরমালা গেঁথে দে আমারে !

নিবাতের কথা আমি না কাঁদিব কভু—  
 শুষ্ক হস্তে শুষ্ক আঁখি তুলি তার পানে,  
 গন্ধর্ব পশুর পদে দিব আত্মবলি !  
 মরুক মন্দিরা—বৈচে রহুক দানব !

( সখীগণের প্রবেশ )

মন্দিরা । আয় সখী—সাজায়ে দে মোরে !  
 দৈত্যপুর কল্যাণ হেরুক হরষে—  
 ফুলসাজে পতিগৃহে চলেছে মন্দিরা !  
 শুধু মনে—আছে ত সজনি !  
 রাখিবি বসন-তলে শাণিত ছুরিকা,  
 কালকূট রত্নহারে রাখিবি লুকায়ে !  
 নিরালা বাসর কক্ষে নিশীথ শয়নে  
 বধু সম্ভাষণে আসি হেরিবে গন্ধর্ব  
 বিবর্ণ শীতল শব দৈত্যদুহিতার !

( সখীগণ মন্দিরাকে সাজাইতে লাগিল )

ছিঃ ছিঃ সখি—নৃত্য-গান গেছিস ভুলিয়া ?  
 নাহি গান কারো কণ্ঠে বিবাহের দিনে ?  
 ওকি—অশ্রু নয়নে সবার ?  
 থাক থাক কাজ নাই গানে—  
 আয় সবে গলা ধরি কাঁদি প্রাণ খুলে !  
 নাহি তারো অবসর বুঝি—  
 আগত দুয়ারে চিত্তকেতু !—

( নেপথ্যে শব্দধ্বনি )

বাজিছে মঙ্গলশব্দ—ওঠে উলুধ্বনি !

বিদায় ! বিদায়—সখি !

আলিঙ্গনে মন্দিরারে দে তোরা বিদায় !

আর—আর—এই ফুলহার—

পারিবি—পারিবি—সখি—পারিবি কি তোরা

নিয়ে যেতে মন্দিরার পূজার অঞ্জলি—

সেই বনবাসী দিবা পুরুষের পাশে—

নাম যার—নাম যার—পাণ্ডব অৰ্জুন ?

[ সখীকে পুষ্পহার প্রদান ]

কহিস্ অৰ্জুনে সখি দিয়ে ফুলহার—

ম'রেছে দানব কণ্ঠা করিয়া কামনা—

পরজন্মে অৰ্জুনের হইতে কিঙ্করী !—

( নিবাত, জম্বক ও চিত্রকেতুর প্রবেশ )

চিত্র । হেঃ হেঃ হেঃ—দৈত্যরাজ বা সমাদর করলেন—তা অকথ্য !  
এ রকম আদর জীবনে পেয়েছিলাম না ত্র আর একবার—সেই যখন রম্ভাকে  
পৌছে দিতে গিয়েছিলাম বরণের বাড়ীতে ! এই যে মন্দিরা—উঃ হঃ হঃ—  
লজ্জাবতী লতা—রে, লজ্জাবতী লতা ! কি হে ডিহক ! বড় যে লাখি মেরে-  
ছিলে—এখন কি হয় ? ভগ্নীপতি হতে যাচ্ছি—অপমান করবে—তার  
আর জো টা রইল না !

নিবাত । জম্বক ! বিবাহের আয়োজন কর—

চিত্র । না-না-না—সে সব দৈত্যপুরীর বাইরে আয়োজন হ'য়েই রয়েছে !  
দেব সেনাপতি স্বয়ং শক্তির কার্ডিকের বরকর্তা হ'য়ে এসেছেন কিনা !  
তাঁর আদেশ হ'চ্ছে—মন্দিরাকে নিয়ে দেবশিবিরে যাওয়া হবে—বিবাহ হবে  
সেখানে ! আমার আগমন শুধু মন্দিরাকে নিয়ে যাবার জন্তে । আর  
বিলম্ব করবার দরকার নেই—দেব সেনাপতি যেকোন গোয়ার লোক—চাই কি

চ'টে যেতে পারেন! হেঃ-হেঃ-হেঃ—তবে হ্যা—যতই চ'টে যান—মন্দিরার রূপের চটক দেখলে ঠাণ্ডা হ'তেই হবে তাঁকে, এ আমি জোর গলায়ই বলছি—

জম্ভক। মহারাজ! মন্দিরাকে শীঘ্র বিদায় করুন! এ বর্করতা অসহ্য—অসহ্য!

নিবাত। মন্দিরা!

মন্দিরা। শেষে কাদলে বাবা! বাবা! ( নিবাতের বক্ষে মাথা লুকাইল )

চিত্র। কান্নাকাটা কেন—হাঁহে ডিম্বক! কান্নাকাটা কেন? এইত দুদিনের পথ—রথে চড়লে কতক্ষণ? আমার বা মন্দিরার আর সহসা আসা ঘটবে না—যে দেবতাদের ফরমাসের ঝঙ্কি! তা দৈত্যরাজের ত আর বেশী কিছু ঝামেলা নেই, তিনি মাঝে মাঝে দু'চার দিন মেয়ে জামাইকে দেখতে গেলেই হ'ল! কান্নাকাটা কেন? কেঁদে যদি আবার মন্দিরার চোখ লাল হ'য়ে ওঠে, মুখ কালো হ'য়ে যায়, তবে দেব সেনাপতি আমায় বলবেনই বা কি! আমি যার পই পই করে তাঁকে বলেছি—মন্দিরার কি রং, কি ঢং, কি চটক—

জম্ভক। মহারাজ—আমি অস্তুরালে যাই—এ বর্করের বাক্যলাপ শুনেও ওকে লাথি মারব না—এতখানি ধৈর্য্য আমার নেই—

চিত্র। লাথি—আবার লাথি? ওহে ও ডিম্বক! এই বর্করের সঙ্গে শক্তিধর কার্তিকের আছেন—ভুলে যাচ্ছ কেন? আপনার ডিম্বককে বুকিয়ে বলুন—দৈত্যরাজ! এবারে আর লাথি মারা অত সোজা নয়!

( কার্তিকের প্রবেশ )

কার্তিক। কিসের বিলম্ব এত—না পারি বুঝিতে!

দৈত্যগৃহে কালক্ষেপ কেন চিত্রকেতু?

চ'লে এস অবিলম্বে মন্দিরারে ল'য়ে !  
 এই বুঝি মন্দিরা তোমার ?  
 মরি—মরি—সত্যই তো রূপ অপরূপ !  
 হেন নারী শোভে শুধু বক্ষে দেবতার !

চিত্র । অ্যা—আমায় বঞ্চিত ক'রে—ও দেবসেনাপতি ? একেবারে  
 বঞ্চিত ক'রে ? এমন ত কথা ছিল না ! কথা ছিল বিয়ে আমিই ক'রব—  
 তারপর আমিই বা যাচ্ছি কোথায়—আপনিই বা যাচ্ছেন কোথায় ?

কার্তিক । আঃ—সুত্ব হও চিত্রকেতু !  
 জন্তক । দৈত্যপতি ! কর আজ্ঞা—এ গানির চেয়ে,—  
 মন্দিরার বক্ষে অসি হানিবে জন্তক !  
 করিয়াছি মহাভ্রম গন্ধর্ব্ব কুন্তুরে  
 শুধুমাত্র পদাঘাতে করিয়া বিদায় !  
 করি নাই হত্যা। তারে—এই পরিতাপ—  
 মন্দিরা হইত মুক্ত বশিলে তাহারে !

নিবাত । জন্তক ! জন্তক ! যাও—যাও কক্ষ ত্যজি !  
 শাস্ত হও কার্তিকেয়, মিন্তি আমার !

( জন্তকের প্রস্থান )

কার্তিক । শাস্ত হবে কার্তিকেয় দেব সেনাপতি—  
 জন্তকের দস্তে কিন্তু ধ্বংস হবে জাতি !  
 এসলো মন্দিরা—চল দেব সৈন্তবাসে—

( মন্দিরাকে ধরিতে অগ্রসর )

মন্দিরা । অঙ্গম্পর্শ করিওনা দেবসেনাপতি—  
 চল কোথা ল'য়ে যাবে মোরে !

চিৎরকেতু । আহাহা—ক'রলেনই বা—তা একটু ক'রলেনই বা ! তুমি  
হ'লে গিয়ে ও'র—সেবকের বধু—তুমি হ'লে গিয়ে—

মন্দিরা । স্তব্ধ হও পাষণ্ড গন্ধর্ব !

চিৎরকেতু । চোখ রাঙাচ্ছ ?—আ্যা—চোখ রাঙাচ্ছ ?—জানিস এখনি  
তোকে চুলের সূঁঠি ধরে যেখানে ইচ্ছা নিয়ে যেতে পারি—দেখি কে তোকে  
রক্ষা করে—

( মন্দিরার কেশাকর্ষণ )

( কবচের প্রবেশ )

কবচ । রক্ষিবে কবচ !—কুঙ্কর—

নিবাত । কবচ ! কবচ ! ভ্রাতা !

এলি কি ফিরিয়া ?

কবচ । এসেছি—এসেছি ফিরে এক বর লাভি,

এসেছি দণ্ডিতে দৃষ্ট দেবতা নিকরে !

কার্ত্তিকেয় ! পার কি চিনিতে ? পড়ে মনে ?

পদাঘাতে বিতাড়িত ক'রেছিলে যারে

হ্রসভাগৃহ হ'তে দেবদলে মিলি—

পড়ে মনে সে দুর্বল দানব কবচে ?

পড়ে মনে সেই পদাঘাত ?—

লহ আজি প্রতিফল তার ! ( কার্ত্তিকেয়কে পদাঘাত )

যাও স্বর্গে অঙ্গে মাখি দৈত্য পদরঙ্গ—

মন্দিরার লাজনার যোগ্য প্রতিফল

কহিও অমরবৃন্দে—মিলিবে অঁচিরে —

সংহার ত্রিশূল করে অমরা জিনিয়া



আনিবে কবচ যবে বৈজয়ন্ত হ'তে  
কেশে ধরি ইন্দ্রাণীরে কালকের পুরে !

## দ্বিতীয় দৃশ্য

মন্দাকিনী তীর

কৃষ্ণ ও কৃষ্ণসঙ্গিনীগণ ।

( কৃষ্ণসঙ্গিনীগণের গীত )

কালো তোমার কুটিল রীতি বুঝতে নারি—আমরা নারী !

মন-গোকুলে নদীকূলে গজ্ঞ ও কেন বংশীধারী !

কোন্ কাননে বাজাও বাঁশী—কোন্ পথে নাও টেনে—

সরম করম দিলেম সঁপে ঐ চরণে এনে,

চাই শুধু প্রাণ-গাগরীতে প্রেম-বমুনার একটু বারি ।

কৃষ্ণ । ওই দূরে তপোময় সখা সবাসাচি !

আলিঙ্গন আশে মোর ব্যাকুল পরাণী ।

সখা ! সখা ! পুণ্যব্রত বীর !

নর হয়ে নারায়ণে বাঁধিলে মায়ায় !

তুমি শ্রেষ্ঠ এ সৃষ্টির মধ্যমণি সম—

নিজ প্রতিবিশ্ব কৃষ্ণ তোমাতে নেহারে !

( প্রস্থান )

( উর্ধ্বশী ও সখীর প্রবেশ )

উর্ধ্বশী । যাও সখী ফিরে স্বর্গপুরে—

উর্ধ্বশী ত্যজেছে স্বর্গ চিরদিন তরে :

ইন্দ্রের লতিয়া আজ্ঞা ভজিহু অর্জুনে—  
 ফলে তার ক্ষুদ্র নর করিল অবজ্ঞা !  
 মর্মদাহে অভিষাপ দিহু পার্থে যবে,  
 আবিভূতা শচীদেবী সাস্ত্রিলা তাহারে—  
 “অভিষাপ পুষ্পমালা হবে কণ্ঠে তব !”  
 চির যুগ দেবতার করি উপাসনা—  
 এই তার পুরস্কার !  
 হায় ভাগ্য—স্বর্গরাণী দর্পিতা ইন্দ্রাণী  
 উর্ধ্বশীর অভিষাপ করিল বিফল !

সখী । কোথা যাবে কহ লো উর্ধ্বশী ?

উর্ধ্বশী । যাব ?—যেথা যায় আঁখি—

অনাদৃতা মর্মাহতা উর্ধ্বশীর স্থান  
 কোথা আছে বিশ্বমাঝে জানিব কেমনে ?  
 যাও সখি অমরায়, ত্যজি উর্ধ্বশীরে—

( সখীর নতমুখে প্রস্থান )

উর্ধ্বশী লুকাবে মুখ গহন কাননে !

( কৃষ্ণের পুনঃ প্রবেশ )

কৃষ্ণ । ত্যজ ক্লোভ সুবদনি ! ত্যজ লো বিষাদ—

তোমার বাথার শাস্তি হইবে অচিরে ।

উর্ধ্বশী । তুমি—তুমি চক্রপাণি ?

বিদ্রূপ করিতে কিবা এলে অবলারে ?

হে পাষাণ ! সর্বলোকে কহে—

বিষ্ণু উরু সম্ভবা উর্ধ্বশী !

কি কারণে স্বজিলে তাহারে নারায়ণ—

এই অপমান যদি ছিল ভাগ্যে তার ?

কৃষ্ণ । আমারে পাষণ বলি করিয়াছ মনে ?

ভাগ্য মোর এমনি বিরূপ ।

নতুবা উর্কশী—

চিরকাল জানি যারে নিতান্ত আপন,

সেও নাহি বুঝে হার—

কেমনে কৃষ্ণের প্রাণ কাঁদে বেদনায়

উর্কশীর হেরি অনাদর ! অতি সত্য—

উর্কশী আমার উরু-সম্ভবা অঙ্গবা—

তার চেয়ে প্রিয় কিবা আছে কহ মোর ?

ভগ্নীপতি যদিও অর্জুন মোর—তবু কহি—

অতি দর্প নহে শ্রেয় কতু !

উর্কশীয়ে প্রত্যাখ্যান—কামে অপমান—

শাস্তি এর অর্জুনের অবশ্য মিলিবে,

নহে মিথ্যা দর্পহারী কহে মোরে লোকে !

উর্কশী । ত্রিনিবাস—দেহ পদাশ্রয়—

শচী অর্জুনের দর্প চূর্ণ কর দেব !

কৃষ্ণ । অত্যন্ত গোপন কথা শুন মোর ঠাই—

কবচ লভেছে সিদ্ধি শিব সাধনায়—

শূল করে অতি শীঘ্র ধাইবে স্বরগে !

কবচের অভিশ্রাব শোন লো উর্কশী—

শচীয়ে আনিবে বলে কালকের পুরে ।

উর্বশী । শটীরে আনিবে বলে কালকেষর পুরে—

স্বর্গ-রাজ্য জিনি ?

দর্পচূর্ণ ! দর্পচূর্ণ !

আর অর্জুন ?—অর্জুন ?

কৃষ্ণ । নাহি চিন্তা—কহি স্থনিশ্চয়—

কবচ অর্জুন-শিষ্য—কবচের করে

ইন্দ্রাণীর অপমান হইলে ঘটনা—

আত্মঘাতী সে লজ্জায় হইবে অর্জুন ।

এক লোষ্ট্রে যুগ্মপাখী হইবে নিপাত ।

কেমন উর্বশী—

তব লয় কিনা মনে যুক্তি মম ?

যাও এবে, শোভনা উর্বশী—

যোগাও ইন্দ্রন শুধু

কবচের প্রতিহিংসানলে !

সর্বশুভ হবে ধ্রুব কহি সার কথা ।

উর্বশী । তোমার আদেশ শিরে ধরিমু অচ্যুত—

মনোবাহা করিও পূরণ রূপা করি ।

( উর্বশীর প্রস্থান )

কৃষ্ণ । সর্বশুভ হবে সত্য—

হৃদয়ের হইবে বিনাশ !

ধর্মবীর অর্জুনের পুণ্যের আলোকে—

অধর্ম আধার লুপ্ত হবে বিশ্ব হ'তে ।

সখা—সখা—সম্মুখে তোমার আজি পরীক্ষা ভীষণ—

অদম্য পুরুষকারে সর্ববিঘ্ন জিনি  
 একক হইয়া জয়ী নিজ শক্তি বলে—  
 দেব দৈত্য মানবের লভ প্রণিপাত !

( প্রস্থান )

### তৃতীয় দৃশ্য

স্বর্গ

( কবচ, জম্বক ও দৈত্যগণ )

কবচ । আজি দিন প্রতিবিধিৎসার !  
 জাগিয়া হুঃখের নিশি শক্তি সাধনায়—  
 আজি নবতেজে দৈত্য পূর্বাকাশ তলে  
 নবোদিত সূর্য্যসম উদিত আবার !  
 হে দৈত্য ! স্মরণ কর আজিকার দিনে—  
 দীর্ঘযুগব্যাপী প্রতি লাঞ্ছনার কথা—  
 অপমান তিরস্কার পলকে পলকে,  
 অলীক কল্পিত দোষে নিশ্চয় শাসন !  
 অস্তরে স্মরণ করি, কর দৃঢ়পণ  
 বিন্দুমাত্র কৃপা নাহি করিবে অমরে !  
 ইন্দ্র যমে পদাঘাতে চূর্ণিবে মস্তক,  
 দেবাজনা কেশে ধরি নিবে দৈত্যপুরে,

দেবশিশুগণে তুলি চরণে ধরিয়া  
শিলাপরে বজ্রকরে ফেলিবে আছাড়ি !  
জম্বক ! আক্রম' স্বর্গ চতুরঙ্গবলে !

জম্বক । অগ্রসর হও দৈত্য সেনা—

শূলকরে পৃষ্ঠ রক্ষা করিবে কবচ  
শূলী শঙ্কু মহেশ্বর সম !  
নির্ভয়ে মহন কর বৈজয়ন্ত পুরী !

( তুর্য্যধ্বনি ও সসৈন্তে প্রস্থান )

( নিবাতের প্রবেশ )

নিবাত । জয়ধ্বনি জয়োল্লাস, গৌরব উচ্ছ্বাস—

এর মাঝে অগ্রজের সতর্ক মিনতি  
পশিবে কি কর্ণে তব দৈত্যোদ্ভ্র কবচ ?

কবচ । করে ধৃত বিশ্বধ্বংসী সংহার ত্রিশূল—  
সতর্ক করিতে চাহ কিসের আতঙ্কে ?  
কোন্ ডরে দৈত্যরাজ এখনো কাতর ?

নিবাত । করে ধৃত বিশ্বধ্বংসী সংহার ত্রিশূল—  
তাই ডরি বিশ্বধ্বংস কর পাছে রোষে !  
শোন ভাই—শিবশূল তাহারেই সাজে,  
অটুট সংঘম যার সন্নাশিব সম !  
হুঃখের আঁখার নিশি যাপিছু নীরবে  
জীবন্মৃত দানবের শিরে বসিয়া—  
মেলিয়া বিনিক্ত আঁখি চির জাগরণে !  
আজি ডরি হুখ উষা প্রভাতের সনে—

অসংঘমে অনাচারে আপনার শিরে  
রুদ্ররোষ আমন্ত্রণ করে বা দানব !

কবচ । অহুচিত হে অগ্রজ—কাতরতা এই !  
দানব কাহারো পাশে লভেনি করুণা,  
কেন সে করিবে দয়া চির অরিগণে ?  
বিশ্ববক্ষে একচ্ছত্র প্রতিষ্ঠার তরে—  
নির্মম করাল বেশে দৈত্যের প্রকাশ,  
প্রয়োজন গণি ভাতা—ত্রাসিতে বিধরে !

( প্রস্থান )

( নেপথ্যে যুদ্ধ কোলাহল )

নিবাত । যুগের সঞ্চিত ব্যথা নেবে না ঋধিরে—  
ওরে ভাস্ত ! চাই শ্বেহ চন্দন প্রলেপ !

( প্রস্থান )

( দ্রুত দেবনারীগণের প্রবেশ, পশ্চাতে কতিপয় সৈন্যসহ জম্বক )

জম্বক । কর ধৃত দৈত্যগণ, নিয়ে যাও গৃহে—  
দানবের উপভোগ্য হোক দেবকনা !

( দেবনারীগণের পলায়ন—দৈত্যগণ পশ্চাদ্ধাবন করিল )

( বন্দী দেবগণকে লইয়া কবচের প্রবেশ )

কবচ । এইবার দেবশ্রেষ্ঠ ইন্দ্র কাক্তিকের !  
পদাহত কবচের লহ প্রণিপাত !  
কহ কোন প্রিয়কার্য সাধিব সবার ?  
স্বধাসনে দেবগণে বসায় বতনে

পদসেবা করিবে কি কিঙ্কর কবচ ?  
 ক'য়েছিলে সগৌরবে দেব যজ্ঞস্থলে—  
 “কে না জানে দেবতার পদসেবা তরে  
 বিশ্বমাঝে দানবের হ'য়েছে জনম ?”

ইন্দ্র । উত্থান পতন নিত্য ঘটে ভাগ্যফলে—  
 ব্যঞ্জে কিবা প্রয়োজন কহ দৈতাবর ?  
 আজিকে বিজয়ী তুমি দৈবের প্রসাদে—  
 জয় গর্বে দেবগণে পার নিগৃহিতে  
 যথা তব অভিরুচি !

কবচ । যথা অভিরুচি ! অতি সত্য কথা ইন্দ্র !  
 অভিরুচি মম—

শচীসনে উপবনে বিহরিব যবে—  
 যতনে করিবে তুমি চামর বীজন !  
 আর কার্তিকেয় !

মহৎ শঙ্কর-স্বতে নাহি দিব ক্লেশ,  
 লৌহ পিঞ্জরের মাঝে গলে রজ্জু বাধি,  
 রাজপথ পাথে' তাঁরে করিব স্থাপন—  
 আঁটি দিব ললাটে ফলক—

“দৈত্যকণ্ঠা মন্দিরার অবমাননার !  
 পুরস্কার ভূজি আমি এ স্থখ নিবাসে !”

কার্তিকেয় । শিব বরে এত দর্প ! ভুলেছ দানব—  
 সেই শিব জনক স্কন্ধের !  
 কার্তিকের অপমানে টলিবে কৈলাস,  
 শিবশূল বাহুড়িবে শঙ্করের করে !



কবচ । শিব পিতা—সেই গর্বে পতন তোমার !  
তারক বিধ্বংসী শক্তি লভি পিতৃপাশে  
সেই শক্তি নিয়োজিলে পাপের পোষণে !  
ফল তার—শক্তি তব হ'ল শক্তিহীন !

( নিবাতের প্রবেশ )

নিবাত । সাবধান অমুজ কবচ !  
পাপের পোষণে শূল করিয়া নিয়োগ  
মহাশূলে শক্তিহীন করিওনা তুমি ।  
ছিঃ ছিঃ ভ্রাতা—করিয়াছ ইন্দ্রে বন্ধন ?  
ত্রিলোক পূজিত দেব শতক্রতু ধিনি,  
করুণা-মেঘের বারি বিশ্বে বরষিয়া  
লোকস্থিতি কার্য যার—তাঁরে অপমান ?  
ইষ্টগুরু বরদাতা মহাকাল শিব—  
তাঁর পুত্রে অমর্যাদা—মতিভ্রম এত ?  
মুক্ত—মুক্ত দেবগণ ! ক্ষমিও কবচে—  
সহজে দানব জাতি ক্রোধ পরবশ !

কবচ । মুক্ত ? মুক্ত ইন্দ্র কার্তিকেয় ?  
কবচে চরণাঘাত,  
মন্দিরার কেশ আকর্ষণ—  
এত পাপ করিব মার্জনা ?

নিবাত । ওরে ভাই, সেই পাপে পতন দেবের !  
পতিত যে—তার পরে করি অন্যায়—  
আপনারে কলঙ্কিত না করে মহৎ !

কবচ । মুক্ত আমি করিব না সুরগণে কভু !

নিবাত । আমি রাজা দানব জাতির !

শূল তব কর বিদ্ধ হৃদয়ে আমার,

তারপর বসি রাজ্যাসনে—

যথা ইচ্ছা পাপাচারে মাতিও কবচ !

ছিঃ ছিঃ—শৈশ্যহীন চপল অন্তর—

কেমনে তুমিলে শিবে পরম বিশ্বাস !

যাও, মুক্ত দেবগণ—যথা অভিলাষ !

( দেবগণ ও নিবাতের প্রস্থান )

কবচ । সত্য কহি সেনানী ভ্রমক !

এই অপমান জ্বালা সর্বে না কভু !

নিজশৌধ্যে দেবদলে আনিবু বাধিয়া—

জ্যোষ্ঠের কি অধিকার বহু সেনাপতি—

দ্বিতে মুক্তি হীনমতি অমর নিকরে ?

ভ্রমক । চিরদিন মতিচ্ছন্ন দৈত্যের নিবাত—

দেবপদাঘাত নিত্য করিয়া ভোজন

দেবভক্তি বাড়িয়াছে শশীকলাসম !

আমি ভাবি—অপরাধ না লও যতপি—

কহি আমি এক কথা বীরে— কবচ !

কবচ । কহ কিবা মনোগত অভিলাষ বীর—

দৈত্যপুরে তুমি মাত্র হেরি বুদ্ধিমান !

ভ্রমক । দুর্বল আছিল যবে কালকের জাতি—

নিবাত দুর্বল-চেতা ছিল যোগ্য রাজা ।

আজি তব বীর্যবলে উঠেছে দানব—

বীর-গর্বে বিখে আত্ম-প্রতিষ্ঠার তরে—  
 দেব নর সকলের রাখিয়া মস্তকে হৃদে চরণ !  
 যদি নাহি লও দোষ—কহি অকপটে—  
 যুগ-সঙ্কল্পে আজি দানব জাতির—  
 দানবের যোগ্য রাজা নহে সে নিবাত !

কবচ । তবে—তবে—

জম্বক । আমি চাহি বসাইতে দৈত্য সিংহাসনে  
 সংহার ত্রিশূলধারী দৈত্যোদ্ধ কবচে !

কবচ । ধীরে—ধীরে—ধীরে সেনাপতি !  
 দানব জাতির যদি এই ইচ্ছা হয়—

জম্বক । চির দাসত্বের ব্যথা পীড়িত দানব  
 চাহে আজি বিশ্ব বক্ষে করিতে রাজত্ব !  
 কবচের ছত্রতলে হইতে মিলিত—  
 আকিঞ্চন করে আজি সমগ্র দানব !

কবচ । বীরে—ধীরে—প্রিয়বর—  
 কেমনে কঠোর বাণী কহিবে নিবাতে ?  
 চিরদিন শ্রেহশীল অগ্রজ আমার !

জম্বক । দৈত্য জাতি চাহে যদি বাধেন্দ্র কবচে  
 বসাইতে দৈত্য সিংহাসনে—

( নিবাতের প্রবেশ ।

নিবাত । তাহে নহে নিরানন্দ কদাপি নিবাত !  
 রে কবচ ! পর শিরে এ রাজ মুকুট !  
 আজি হ'তে সিংহাসন হইল তোমার !

দৈত্যের দুঃখের দিনে বন্ধের বেষ্টনে  
 কোনরূপে বাঁচাইয়া রেখেছিলাম যারে—  
 স্ত্রীদিনের আগমনে আজি বলীমান  
 চাহে সে উড়িতে উড়ে ত্যজি বন্ধোনীড় !  
 কবচ ! কবচ ! ভ্রাতা ! উঠুক দানব !  
 শুধু হে নবীন রাজা—রাখিও স্মরণে—  
 অত্যাখ্যানে নাহি হয় কল্যাণ কাহারো !  
 বিশ্বশৃঙ্খলার নীতি করিয়া সংচুর  
 দৈত্যের বিনাশ ভ্রাতা না কর আহ্বান !  
 জেনো সত্য—ব্যর্থতের দীর্ঘতপ্তশ্বাস  
 শূলের অগ্নিও পারে করিতে নির্বাণ !

( প্রস্থান )

কবচ । জম্বুক ! জম্বুক ! আন ফিরায়ৈ অগ্রজ্ঞে !  
 জম্বুক । স্নেহ-দুর্বলতা নাহি সাজে কবচের—  
 ভাগ্য মানি নিবাতের হইল স্মৃতি !  
 দেহ আজ্ঞা দৈত্যরাজ্যে করিব ঘোষণা—  
 সিংহাসনে কবচের হবে অভিষেক !

( প্রস্থান )

কবচ । সত্য বটে—দুর্বলতা না সাজে আমার—  
 শিবশূল ধরি করে দৈত্য শুভতরে—  
 উঠুক দানব জাতি বীরত্ব গৌরবে !  
 মূর্খে কহে—অত্যাখ্যান পতনের মূল ।  
 সংযম—সে দুর্বলের ছদ্মবেশ শুধু,  
 মিথ্যা ভাণ—লুকাইতে ক্লীবত্ব আপন !

( উর্কশীর প্রবেশ )

উর্কশী । দৈত্যেশ্বর !

কবচ । কেও ? তুমি—তুমি সেই দিব্যান্ধনা বৃষি—  
 হিমাচল বনে যারে হেরি তপকালে  
 আত্মহারা হ'য়েছিছু ক্ষণিকের তরে ?  
 মরি—মরি—অপূর্ব লাবণী !  
 কহ বালা—কোথা হ'তে এলে পুনরায়—  
 কেবা তুমি—কহলো রূপসী !

উর্কশীর গীত

নন্দনেরি মধুবনে বঁধু আমার বাস—  
 যৌবনেরি সমীরণে রচি মধুমাস !  
 ভালবাসার ডালি এনে  
 দিনু তোমাব পায়,  
 তোমার ভালবাসার পরশ  
 আজকে পবাণ চায় !  
 ভালবেসে ভালবাসার পূরাও অভিলাষ !

কবচ । মরি—মরি—হেরিনি এমন আর !  
 এস ভূজপাশে আদরিণি !  
 অপরূপ হেরি ভাগ্যোদয়—  
 লভিয়াছি সিংহাসন—লভিহু প্রেমসী—  
 স্বর্গ-মর্ত্যে অতুলনা রূপে !

উর্কশী । নহি—নহি—অতুলনা ! ক'রনা ছননা !  
 সত্য বাহা ক'রোনা গোপন !

কি ছার আমাব রূপ ইন্দ্রাণীর পাশে ?  
 পদনখ যোগ্যা নহি তার !  
 ভাগ্যোদয় বলি মান লভিয়া আমারে,  
 শচীরে লভিলে বটে মানি ভাগ্য তব !  
 কবচ । শচী ! শচী ! করেছি পণ—  
 কেশে ধরি দৈত্যপুরে আনিব তাহারে !  
 চল প্রিয়ে বিলাস ভবনে !  
 স্নান মাখা করে মোরে দিবে স্নান ঢালি—  
 শুনিব শচীর কথা স্নান মুখে তব !  
 আসিবে না শচী মোর ঘরে ?  
 দৈত্যের সেবক ইন্দ্র ভাগ্য বিবর্তনে !  
 সেবকের বধু যদি হয় দুর্কিনীতা—  
 কেশে ধরি আনি তারে করিব কিঙ্করী !

চতুর্থ দৃশ্য ।

হিমাচল—উপত্যকা ।

( নিবাত ও মন্দিরা )

নিবাত । বা মন্দিরা—শোনু কথা—ঘরে যা ফিরিয়া !  
 বানপ্রস্থে তপাচারে দেহ শেষ তরে  
 চলিয়াছে পিতা তোর বিজ্ঞান কাননে—  
 ছুই কোথা যাবি তার সাথে ?  
 মন্দিরা । ঘরে যাব পিতা ? কোথা মোর ঘর ?

দৈত্যপুরে মন্মথর ভবনে,  
 নর্তকীর হুপ্পুর শিঞ্জন—  
 নিত্য যেথা বিলাসের নব আয়োজন,  
 সেথা পিতা কোথা ঘর মন্দিরার তব ?  
 পিতৃব্য চৈতন্য হারা ফেরে দৈত্যপুরে—  
 দশদিকে দৈত্যগণ ধায় শস্ত্রপাণি  
 ইন্দ্রাণীরে অশ্বেষিয়া আনিতে সবলে !  
 —হায় পিতা !

মন্দিরার কেশে ধরি মজিল দেবতা—  
 ইন্দ্রাণীর লাজনার কিবা পরিণাম ?

নিবাত । সতীর ক্রন্দনে খবে টলে সিংহাসন  
 বিশ্ব নিয়ন্তার—

একমাত্র পরিণাম ধ্বংস পাতকীর !  
 দূরে—দূরে—মেরু প্রান্তে করি পলায়ন—  
 সেই পরিণাম বার্তা যেন নাহি পশে  
 নিবাতের কর্ণে কত্না সে আঁধার দেশে !

মন্দিরা । চল পিতা—সাথে তব যাইবে মন্দিরা !

নিবাত । যাইবে মন্দিরা চির তুহিনের দেশে  
 অঙ্ককার মেরুপ্রান্তে বরিতে মরণে—  
 এই নব উন্মেষিত প্রথম যৌবনে—  
 অভাগিনী হুহিতা আমার !

মন্দিরা ! মন্দিরা ! মাগো !

পিতা হ'য়ে কেমনে সহিব—

কোরকে জীবন পুষ্প ঝরে যাবে তোর ?

মন্দিরা । কেমনে সহিতে পিতা—তব মন্দিরার  
 গন্ধর্ব্বের গৃহবাস হ'ত ভাপ্যে যদি ?  
 নিবাত । সত্য কণ্ঠা ! তার চেয়ে শ্রেয় বহুগুণে,  
 এই স্বেচ্ছানির্কাসন লোকচক্ষু হ'তে !  
 সঙ্ঘ্যাবন্দনার কাল ব'য়ে যায় মোর—  
 ওই নিব'রের মূলে শিলাসনে বসি  
 ক্রণকাল ইষ্ট চিন্তা করে আসি মাতা !—  
 ব'স তুমি এইখানে—

( প্রস্থান )

মন্দিরা । এই স্বেচ্ছা নির্কাসন গ্রহণের আগে—  
 একবার পারিতাম প্রণমিতে যদি  
 তার পদে—নাগ বার পাণ্ডব অর্জুন ।  
 হে মোর প্রাণের সখা ! প্রথম দর্শনে  
 কুমারীর প্রেমাঙ্গুলি ডালি দিহু পায়—  
 জানিলে না, দেগিলে না—চ'লে গেলে সখা—  
 আপনার পথ বাহি আপনার মনে !  
 —যেথা যাই যেথা থাকি—হে মোর সবিভা !  
 প্রাণ-স্বর্ঘ্যমুখী মোর চাহি তব পানে—  
 চেয়ে রবে নিঃশেষ নীরব ধোয়ানে !

( অন্তরালে গমন )

( অর্জুনের প্রবেশ )

অর্জুন । কবচে করিতে রক্ষা দিন গোড়াইহু,  
 নিজ কৰ্ম্ম করি পণ্ড—হেন মুখ আমি !



অথবা কৃষ্ণের ইচ্ছা—মিথ্যা অহমিকা  
 “আমি”—“আমি” করি কেন ভ্রান্ত এ গৌরব ?  
 কৌরবের দর্পনাশ— কার্য্য কেশবের  
 কবচের তপঃসিদ্ধি তাও কার্য্য তাঁরি !  
 কেবা আমি ? কৃষ্ণ মহাসিদ্ধুর বৃদ্ধ—  
 জয় কর্ম মৃত্যু সব কৃষ্ণের ইচ্ছায় !—  
 নিভৃত বিজ্ঞান হেরি গিরি উপবন—  
 কৃষ্ণের হইলে ইচ্ছা পাতিব হেথায়  
 —দৈব অস্ত্র লাভ আশে যোগাসন মম !  
 নীলমণিময় কৃষ্ণ এস প্রাণে মোর—  
 দেখাও সিদ্ধির পথ কিঙ্করে তোমার ।

মন্দিরা । ( অগসর হঠিয়া )—

দেহ আজ্ঞা আর্ধ্যপুত্র । শুই শিলাতলে  
 যোগাসন বিরচিয়া জ্বালি হোমানল ।

অর্জুন । অ্যা - অ্যা—কি কহিলে ? কেনা তুমি বালা ?  
 আর্ধ্যপুত্র সখোষিলে মোরে কি কারণ ?

মন্দিরা । নারী বে স্বামীরে ডাকে আর্ধ্যপুত্র বলি—  
 জানি না কারণ তার !  
 কেবা আমি ? এত শীঘ্র পাশরিলে মোরে ?  
 মন্দিরা দানব কন্যা—যারে করুণায়  
 গন্ধর্বেয় গ্রাস হ’তে রক্ষিতে পাওব—  
 গাণ্ডীবে পুরিতে শর আছিলে প্রস্তুত !  
 আমি সে মন্দিরা প্রভু ! শকর প্রসাদে

বিভাড়িয়া গন্ধকোরে পিতৃব্য কবচ,  
মুক্ত মোরে করিয়াছে—পার্থ সেবা তরে ।

অর্জুন । লো কল্যাণি ! বনবাসী তাপস ভিক্ষুক—

দৈত্যরাজ দুহিতার নহি যোগ্য পতি !

মন্দিরা । বিশ্বের মঙ্গল ভিক্ষা বিশ্বপতি পাশে

ব্রত যার—হে ভিক্ষুক ! পদরেণু তার

পরশিবে হেন ভাগ্য নহে মন্দিরার !

হে পাণ্ডব ! কেবা যোগ্য, কে অযোগ্য—

জ্ঞানি ভাল মতে—

না চাহি ধরিতে চাঁদ ক্ষুদ্র বাহু তুলি !

শুধু যদি ভাগ্য গুণে হেরিহু চরণ,

চির নিকরাসন ক্ষণে লোক চক্ষু হ'তে—

বারেক মিটায় সাধ নারী-জনমের

আর্য্যপুত্র সম্বোধন করিব পাণ্ডব !

আর্য্যপুত্র ! আর্য্যপুত্র ! নাথ !

দেহ আশ্রয়—ধন্য হ'ক জীবন আমার—

যোগাসন সম্মার্জন করিয়া স্বামীর—

একবার, মুহূর্তের তরে !

তারপর তপস্তায় মগ্ন হও তুমি

দৈবশক্তি লাভ তরে দমিতে অরাতি—

আমি যাই পিতৃসনে মেরুপ্রান্ত দেশে,

চিরজন্ম তপস্তায় করিতে যাপন—

পরজন্মে পদাশ্রয় লাভের আশায় !

অর্জুন । চির নিকরাসন !

রাজকন্যা—কহ বিবরণ—

বুঝিতে নারিহু কেন দৈতাপুরী তাজি—

দৈত্যেশ নিবাত যাবে চিরনির্বাসনে !

মন্দিরা । দৈত্য-সিংহাসনে আজি আসীন কবচ—

নিবাতের নির্বাসন বাঞ্ছা দানবের !

অর্জুন । এত শীঘ্র মতি ভ্রংশ হ'ল কবচের ?

সংহার ত্রিশূল লভি—করিল সংহার

সর্ব অগ্রে আপনার বিবেক বুদ্ধিরে ?

অপ্সরার ফাঁদ হ'তে রক্ষিয়া দানবে,!

করিয়াছি মহাভ্রম হীন বুদ্ধি বশে !

কবচের তপঃসিদ্ধি বিশ্বনাশ তরে !

মন্দিরা । মন্দিরার পরিজ্ঞাণ গন্ধর্বেশ করে—

একমাত্র কবচের তপঃসিদ্ধি ফলে !

অর্জুন । সত্য—সত্য—নারি বুঝিবারে—

বিশ্বেচক্রী কেশবের লীলার মহিমা !

শুভাশুভ বিজড়িত জটিল বন্ধনে—

শুভেবে অশুভ হ'তে কে করে বিচ্ছেদ ?

মন্দিরা । আয্যপুত্র,

যোগাসন বিরচনে দেহ অমুমতি—

সঙ্ঘা বন্দনার শেষে আসিবেন পিতা—

যাব দৌহে স্নমেকর পথে !

জীবনের পথে মোর পাথেয় কেবল,

পতির চরণ চিন্তা—রহিবে সম্বল !

( নিবাতের প্রবেশ )

নিবাত । পতির চরণ চিন্তা ! কে পতি মন্দিরা ?

বীরস্ব মহিমা দীপ্ত—দেবতা মূর্তি—

গৈরিকে আবৃত তম্ব কে দিবা পুরুষ ?

হে যুবক ! দেহ পরিচয় !

মন্দিরা । ( নিম্নস্বরে ) তৃতীয় পাণ্ডব—পিতা—বীরেন্দ্র অৰ্জুন !

নিবাত । ( ক্ষণকাল নীরব থাকিয়া ) এই তব প্রথম সাক্ষাৎ ?

মন্দিরা । পিতৃব্যে প্রণাম তরে তপস্তার কালে

এসেছিলাম হিমাচলে সখীগণ সনে—

সেথায় ভেটিলাম বীরে, রক্ষী তপোবনে—

পিতৃব্যের গুরু ইনি !

নিবাত । বরিয়াছ পতি বলি ই'হারে মন্দিরা ?

মন্দিরা । ( নীরব )

নিবাত । ( ক্ষণকাল চিন্তা ) সন্ধ্যা বন্দনার কালে ইষ্টের চরণে

মাগিলাম কাতরে ভিক্ষা—চির বনবাস

মম দুহিতার ভাগ্যে নাহি ঘটে যেন !

প্রসন্ন দেবতা—ধন্য, মুক্ত আমি আজি !

মা মন্দিরা । বীরশ্রেষ্ঠে ক'রেছ বরণ—

পতির বল্লভা হও করি আশীর্বাদ !

অৰ্জুন । দৈত্যরাজ ! দৈত্যরাজ !

নিবাত । বাধা নাহি দাও পুত্র, মম আকিঞ্চনে !

দানব-নন্দিনী ব্রত-সংযত কুমারী

প্রত্যাখ্যান যোগ্যা নহে বীর পাণ্ডবের !

অৰ্জুন । দৈত্যপতি ! ব্রহ্মচারী—তপাচারী আমি ।

নিবাত । সহধর্মিণীর মত তপাচাঁরে তব—  
 মন্দিরা সঙ্গিনী হবে গুচিস্তম্ভ মনে !  
 মন্দিরা ! অর্জুন ! দৌড়ে করি আশীর্বাদ  
 বিশ্বের কল্যাণ কর ধন্যশ্রয় করি !

( প্রস্থান )

অর্জুন । এস দেবি তপোবনে তাপস পার্থের !  
 নাহি জানি একি খেলা খেলিলা কেশব ।

( প্রস্থান )

( কৃষ্ণ সঙ্গিনীগণের প্রবেশ ও গান )

কাল-সাগরের কিনারে সই  
 কালো বরণ জেলে --  
 মিটি মিটি হাসছে বসে জলেতে  
 জাল ফেলে !  
 অগাধ জলে উঠছে সদাই  
 বিষম আলোড়ন,  
 হানাহানি নিতুই সখী  
 রোদন আবেদন  
 বেলা শেষে তুলবে জেলে,  
 জাল গুটিয়ে হেলে ।

( প্রস্থান )

( মন্দিরার প্রবেশ )

কে ইহারা বরাকনা স্তম্ভাম বরণা—  
 পুণ্য জ্যোতি অন্ধ হ'তে পড়ে বিচ্ছুরিয়া ?  
 কোথা বায়ুভরে তারা হ'ল তিরোধান,

না হেরি নয়নে আর মূরতি তাদের—  
 শুধু দূর হ'তে কাণে পশিছে সঙ্গীত—  
 অম্পষ্ট মধুর ধ্বনি ! কে আসে হেথায় ?

( বৈद्य বেশে কৃষ্ণের প্রবেশ )

- কৃষ্ণ । বৈद्य আমি—ফিরিতেছি রোগীর সন্ধানে !
- মন্দিরা । রোগী কোথা বৈद्यরাজ এ বিজ্ঞ বনে ?
- কৃষ্ণ । যেথা ভোগ—সেথা রোগ—শাস্ত্রের বচন !  
 সত্য কহ ভোগী কেহ নাহি কি হেথায় ?  
 থাকে যদি—রোগী মোর মিলিবে নিশ্চয় !  
 আজকাল নাহি মিলে, মিলিবে পরশ !
- মন্দিরা । তাপসের তপোবনে কি ভোগ সম্ভবে ?
- কৃষ্ণ । সত্য যে তাপস—তার ভোগ তপস্শায়,  
 ব্রহ্মানন্দ রসপানে বিহ্বল অন্তর !  
 আর যে তাপস ভণ্ড—তপোবনে তার,  
 ভোগের সম্ভার শত রহে থরে থরে !  
 হেথা আছে ভণ্ড এক—করি অহুমান !
- মন্দিরা । এ অপূর্ব অহুমান কিসে বৈद्य তব ?
- কৃষ্ণ । হৃন্দরী কামিনী ল'য়ে করে তপাচার  
 ভণ্ড বিনা কি কহিব তারে ?  
 শাস্ত্র কহে নারীসঙ্গ বজ্জনীয় সদা,  
 ধর্ম-কর্ম্যে থাকে বাহ্য যদি !
- মন্দিরা । বৈद्यরাজ—শুনেছ কি কর্ণে কদাচন—  
 যোগীশ্বর শঙ্করের নাম ?

কৃষ্ণ । তুনি কিংবা নাহি তুনি—নাহি লাভ ক্ষতি—

রোগ যদি থাকে তার করিব আরোগ্য !

মন্দিরা । যোগীশ্বর শিব যিনি—আশ্রমে তাঁহার

রূপৈশ্বর্যময়ী দেবী ভবানী গৃহিণী !

তব মতে ভণ্ড নাহি মহেশ্বরের মত !

কৃষ্ণ । পড়িয়াছে মনে বটে—ভণ্ড নিঃসংশয় !

তধু ভণ্ড ? দিকি ভাণ্ড সত্য করে তার—

পাগল সে মেশাখোর, কেন তার কথ' ?

না হইত ভণ্ড যদি, শূল কি তাহার—

কাড়িয়া এইত কত দানব কবচ ?

মন্দিরা । নাহি জ্ঞান নাহি বোঝ দেবতার গীলা

অসম্মমে কহ বাক্য উন্মাদের মত !

কৃষ্ণ । দেবতার গীলা নিয়ে থাকুন দেবতা—

হুটো রোগী নিলে যদি, কড়ি পাই কিছু !

কেন আছে কোথায় রোগী এস নোর ঠাই—

ত্রিবিধ ব্যাধির জালা নিমেষে ছুড়াই !

( প্রশ্নান )

মন্দিরা । এ অপূর্ব বৈষ্ণৱাজ্ঞ এল কোথা হ'তে ?

যেথা ভোগ সেথা ফেরে রোগের সন্ধানে ?

( অৰ্জুনের প্রবেশ )

অৰ্জুন । ধ্যান স্বপ্নাবেশ ভাঙ্গি, কী স্বর শুনিছ ?

কে কহিল—কে কহিল—“ভণ্ড নিঃসংশয় ?”

রোমাঞ্চ জাগিল দেহে সেই স্বর শুনি—

চকিতে আসন ছাড়ি ছুটিছ এ ভিতে—

কই কোথা—কোথা মোর সখা ?

মন্দিরা । সখা তব ! না চিনি সখারে গুণমণি—

এসেছিল বৈষ্ণ এক রোগার সঙ্কানে !

অৰ্জুন । বৈষ্ণ ! বৈষ্ণ ! হা মন্দিরা ! সেঃ বৈষ্ণরাজ—

বিশ্বের ব্যাধির তাপ করিতে হরণ,

সুধাভাণ্ড করে সদা ফেরে ঘারে ঘারে !

ব্যর্থ সাধনায় মাতি হেলায় হারায়—

মুঢ় জন করায়ত্ব কামনার ধন !

কোথা সখা ! অৰ্জুনের দাণ্ড পদাশ্রয় !

( উদ্ভাস্তবৎ প্রস্থানোত্তত )

( ইন্দ্রের প্রবেশ )

ইন্দ্র । বাসবে আশ্রয় দাও বীর সব্যসাচি !

অৰ্জুন । বাসবে আশ্রয় দিবে নগণ্য মানব !

ইন্দ্র । শঙ্কর করিলা আজ্ঞা—থাকে বিবে যদি

আত্মজয়ী বীর কেহ, লভি সাধনায়

শৈব অস্ত্র পাণ্ডপত—বধিবে কবচে !

শিবশূল নিবর্তিবে হেরি পাণ্ডপতে !

অৰ্জুন । কে কহিল আত্মজয়ী পাণ্ডব অৰ্জুন ?

ইন্দ্র । উর্ধ্বশী ছলিতে যারে হইল বিফল—

মদনের ফুলশর ব্যর্থ যার পরে—

সে যদি না আত্মজয়ী, কে আর অগতে ?



অর্জুন । কে জগতে আত্মজয়ী ছা'নিবা সে কথা—

আমি নহি—মুক্ত কণ্ঠে কহি তব পাশে !

সাক্ষ্যতার নিভ চক্ষু হের স্বরপতি—

তপোবনে সাধে মা'র হৃন্দরী সধিনা !

উল্ল । নৃথ্য তবে আগমন, দাঁন আবেদন ?

শায় পার্থ কহ সত্য—ক'রোনা ছলন !

নাহি জান কা' সে জ্ঞান সচি দৈত্য করে !

স্বগচ্ছাত দিকুতারে ভ্রমি ছন্দবেশে,

অমরায় অসিরাম দৈত্যের তাণ্ডব !

সহিত সকলি পার্থ—মৌন প্রাণস্বায়

তৃপ্তায় বাপিভাম দাঘ শতনু,

পুনঃ শক্তি লাভ আশে—পারিতো দানবে !

কিন্তু কবচের দণ্ড লঙ্ঘি ইঞ্জিগারে—

সকল মর্যাদানাবে অগ্রসর হু'দি

নারবে করিব তব কমনে কাস্তগি—

দৈত্যপদে ইঞ্জিগাবে করি সম্মান ?

অর্জুন । ছিঃ ছিঃ—ধিক—দুঃস্বপ্নিত কবচ !

মজিবে—মরিবে তুষ্টি পাপ অনাচারে !

কিন্তু—কিন্তু—কহি আপগল !

কৃষ্ণের নিদেশ লভি

সাধনায় আসিয়াছি গত বর্ষ কাল !

দেব দৈত্য কলহের অংশভাগী হ'য়ে

আর না কাটাব দিন অতিলাষ মোর !

উল্ল । সতীর মর্যাদা নাশ হেরিবে কাস্তগি ?

ଅର୍ଜୁନ । ଶତୀ ! ଶତୀ ! ମହୀୟମୀ ଅମରାର ରାମ୍ଭୀ !

( କ୍ଷଣକାଳ ଚିନ୍ତିତ ଭାବେ ପରିକ୍ରମଣ )

ଶୁକ୍ର ବଳି ସନ୍ଧୋଧନ କ'ରେଛେ କବଚ !

ଯାଗିବ ଶତୀର ମୁକ୍ତି—କବଚର ପାଶେ ।

ହେ ଦେବେନ୍ଦ୍ର ! ପାତ୍ତ-ଅର୍ଘ୍ୟ ଲହ ଏ କୁଟୀରେ,

ଆନ-ଅନ୍ତେ ଦୈତ୍ୟପୁରେ ଯାବ ଭିକ୍ଷା ତରେ !

( ଇନ୍ଦ୍ରସହ ପ୍ରସ୍ଥାନ )

ମନ୍ଦିରା । ଯାହି ଆମ୍ଭି—ପାତ୍ତ-ଅର୍ଘ୍ୟ କରି ଆସୋଜନ—

( ପ୍ରସ୍ଥାନୋକ୍ତ )

ନେପଥ୍ୟେ ଶତୀ । ଅର୍ଜୁନ ! ଅର୍ଜୁନ ବୀର ! ରକ୍ଷା କର ମୋରେ !

ମନ୍ଦିରା । ଏକି ! ଏକି ! ଶତୀର କ୍ରନ୍ଦନ—

ରକ୍ଷା କର—ରକ୍ଷା କର ବଳି !

ଓହି ଆସେ ଏଲୋକେଶୀ ଅ୍ଵଳିତ ଚରଣା—

ଶତୀର ପଶ୍ଚାତେ ଧାୟ ଦାନବେର ସେନା !

ମାତା—ମାତା ! ନାହି ଡର—ପାର୍ଥେର ଆଶ୍ରମେ

ନାରୀର ଲାଞ୍ଜନା କରେ—କେବା ଶକ୍ତିମାନ ?

( ଶତୀ ଓ ତତ୍ତ୍ଵେ ପଶ୍ଚାତେ ଜନ୍ତବ ଓ ଦୈତ୍ୟଗଣେର ପ୍ରାବେଶ )

ଶତୀ । କୋଥାୟ ଅର୍ଜୁନ, ବାଲା, ଅର୍ଜୁନ କୋଥାୟ ?

ଜନ୍ତବ । ଅର୍ଜୁନ କୋଥାୟ ! ହା: ହା: ହା: ହା:—

ସୈନ୍ତଗଣ ! ହୁତ କର ଈନ୍ଦ୍ରର ପତ୍ନୀରେ !

ମନ୍ଦିରା । ତିଷ୍ଠ ଦୈତ୍ୟଗଣ—କେହ ଚେନ କି ଆମାରେ ?

ଜନ୍ତବ । ଏକି ! ଏକି ! ମନ୍ଦିରା ହେଥାୟ ?

ମନ୍ଦିରା । ମନ୍ଦିରା ପାର୍ଥେର ପତ୍ନୀ ପାର୍ଥେର ଆଶ୍ରମେ—

ଇଥେ କହ କି ବିଷୟ—ହେ ଭ୍ରାତା ଜନ୍ତବ !

জম্বক । তাজ ইজ্রাণীরে—আজ্ঞা তব পিতৃবোর !

মন্দিরা । তাজিব শচীরে ?

এই হীন আজ্ঞা নহে মন্দিরার তরে !

বাও বীর কহ গিয়ে প্রভুরে তোমার—

পার্শ্বের আশ্রমে আছে অমরার রাণী !

শূল করে কবচের হোক আগমন

গুরুহত্যা করি বন্দী করিতে শচীরে !

জম্বক । পশ্চাতে কবচ আসে—কহিলু মন্দিরা !

নহে আর স্নেহময় পিতৃব্য তোমার—

ভৈরব দানব মূর্তি—পাষণ হৃদয় !

নিজ স্তম্ভ চাহ যদি, তাজ ইজ্রাণীরে !

মন্দিরা । স্তম্ভ কোথা আশ্রিতে বর্জিয়া ?

বাও বীর—ভুলিয়াছে দৈত্যবীরগণ—

পরাজিতার গ্লানি অসহ কেমন !

দানব দুহিতা কিন্তু ভোলেনি এখনো—

সাক্ষিত নারীর চিত্তে জ্বলে হত্যাশন !

( নেপথ্যে রথচক্রের ধ্বংস শব্দ )

৩৩২ । সত্য কাঁহ পড়িলে সঙ্কটে—

আসিছে কবচ—ভগ্ন—প্রমাদ ভীষণ !

ওই ব্যোমপথে আসে দৈত্যের বিমান—

গ্রহ তারা কক্ষচ্যুত রথচক্রাঘাতে !

কহি বাণী—লো মন্দিরা ! তাজ ইজ্রাণীরে—

পলায়ন নিরাপদে কক্ক ইজ্রাণী !

তাজ তারে—তাজ তারে—বাঁচাও নিজেরে !

শচী । যাঠি বালা—যাই আমি—  
 কৈলাসে আশ্রয় মাগি শঙ্করের পাশে !  
 মন্দির । কোথা যাবে মা জননী পুত্রগৃহ ছাড়ি ?  
 হেথায় নির্ভয়ে রহ—অজ্ঞানের দেহে  
 জীবন থাকিতে কেবা স্পর্শবে তোমারে ?

( নেপাথ্যে কবচ )—জম্বক ! জম্বক !

জম্বক । কি কহিব দৈত্যোদ্ভব কবচে ?  
 মতিহীনা মন্দিরার স্নেহে অন্ধ হ'য়ে—  
 বিপন্ন হইলু নিজে কবচের রোষে !

শচী । ওই আসে দুর্ব্বার দানব—  
 কোথায় অর্জুন ? আমি যাই অন্তরালে !  
 মন্দির । শোন বাক্য—আমি আছি অর্জুন ঘরণী !  
 কিবা ডর—হেথা মাত্র জগতের বৃকে—  
 ইন্দ্রাণীর নিরাপদ আশ্রয় সঙ্কটে !

( কবচের প্রবেশ )

কবচ । ইন্দ্রাণীরে নিরাপদে কে দিবে আশ্রয় ?  
 কেবা হেন শক্তিদর সপ্তলোক মাঝে ?  
 মন্দির । হে পিতৃব্য—দিব আমি নিবাত নন্দিনী—  
 অজ্ঞানের পর্ণগৃহে অজ্ঞান গৃহিণী !  
 কবচ । অজ্ঞান গৃহিণী তুমি ? কিবা অঘটন !  
 তপ জপ ভুলি পার্থ প্রাণয়ে মগন ?  
 হাঃ হাঃ হাঃ হাঃ—ভর্নিলে জম্বক !  
 কবচ-বাহিতা শচী লভিবে আশ্রয়—

ভূপোভট্ট অৰ্জুনের পত্নীর সকাশে !  
 বাখানি সাহস কণ্ঠা—নভিহু কোতুক !  
 তপস্বীর গৃহবাস কর তুমি স্থখে !  
 জম্বক ! শচীরে ধরি লহ দৈত্যপুত্র !  
 বন্দিরা । নিবৰ্ত্ত জম্বক—যদি মৃত্যু নাহি চাও !  
 কবচ । স্বপ্ন কিংবা সত্য এই—নারি বুঝিবারে—  
 বিগজয়ী কবচেরে রক্ত আঁখি তুলি,  
 শাসিছে নিবাত কণ্ঠা ভিক্ষুক ঘরণী ?  
 কেশে আকর্ষণ্য যবে লাহিল গন্ধর্ব—  
 কে তোরে করিল রক্ষা রে মৃত্যু বালিকা ?  
 সেই দেবতার তরে পিতৃবোয় সনে  
 কর বাদ ?

( অৰ্জুনের প্রবেশ )

অৰ্জুন । হে কবচ—ওউক কল্যাণ !  
 কবচ । স্বাগত পাণ্ডব ! ঝর বারণ ভাষ্যারে !  
 বিশ্বজয় করি শেষ দানব কবচ  
 বালিকার মানিবে শান্ন ?  
 জম্বক—শচীরে কর গ্রহণ অচিরে !  
 বিয় যে করিবে—তার মৃত্যু ত্তনিস্তয় !  
 অৰ্জুন । দৈত্যবর—তব পাশে ভিক্ষা মাগি আনি—  
 শচীর মোচন !  
 কবচ । উন্মাদ কি তুমি পাণ্ডু স্ত ?  
 লভেছি ইন্দ্র পদ স্ককঠিন তপে—

কি কারণে, যদি নাহি পাইব শচীরে ?  
 যাও তুমি নিজ কার্যে—কিবা প্রয়োজন—  
 দেবদৈত্য দ্বন্দ্বমাঝে—আবির্ভাব তব ?

অৰ্জুন ।

একদিন ছিল প্রয়োজন—  
 হে দানব—তব পার্শ্বে মম আবির্ভাব !  
 সেই প্রয়োজনে যদি করিতাম হেলা—  
 আজি শূল না হইত তব আশ্রাবহ !  
 আজি পুনঃ প্রয়োজন গগিছে অৰ্জুন—  
 মহাপাপে বিনিবৃত্ত করিতে তোমারে !  
 সাবধান দৈত্যবর—রমণীর আশি,  
 যত্নপি বরষে অশ্রু তব অত্যাচারে—  
 সে অশ্রু অনলরূপে মহাশক্তি তব  
 শুষ্কভূগু গুচ্ছসম দহিবে নিমেষে !  
 শচীরে মোচন কর—ঈশ্বর নিজধামে—  
 আনন্দে যাপিবে দিন সতী আশীর্বাদে !

কবচ ।

একদিন কবচের করিয়াছ হিত,  
 সেই দর্পে ক্ষুদ্র নর—কটুবাক্য তব  
 নীরবে সহিবে দৈত্য—ভাবিয়াছ মনে !  
 রে জন্তক ! কবচের কঠোর আদেশ  
 বার বার কার ভয়ে কর অবহেলা ?  
 ইক্ষাণী এখনো মৃত ?

( কবচ শচীর দিকে অগ্রসর হইল )

অৰ্জুন ।

হে কবচ ! তিষ্ঠ কণকাল !

তপকালে ক'রেছিলে গুরু সত্কাষণ —

গুরু দক্ষিণার প্রার্থী আজি আমি বীর—  
 দক্ষিণা শরীর মুক্তি যাচি তব পাশে !  
 কবচ । রাজ্যখণ্ড চাহ যদি—দিব অকাতরে !  
 শরীর মোচন ভিক্ষা শুধু ছল তব—  
 দেবতার প্রীতিতরে বঞ্চনা আমারে !

অর্জুন । অসম্ভব—অসম্ভব—শরীর মোচন !  
 গুরু দক্ষিণায় শিষ্য হইবে কাতর ?  
 কবচ । গুরু যদি অসম্ভব করে আকিঞ্চন—  
 অপমৃত পথ হ'তে করিব সবলে !  
 রে জম্বক ! মৃত কর ইন্দ্রের পত্নারে !

অর্জুন । নহে অন্তহীন পার্থ—দুঃখিত কবচ !  
 শিবশূলে প্রণমিয়া ধরিমু গাণ্ডীব—  
 অর্জুনের মৃতদেহ না করি লঙ্ঘন—  
 ইন্দ্রাণীর দেহস্পর্শে—না হবি সক্ষম !

কবচ । গুরুবলি করিমু সম্ভাষ একদিন,  
 তেঁই আজি শূলাঘাত না করিব তোরে !  
 রে নর ! সম্বর শর দৈত্য কবচের !  
 শিষ্যহত্যা—অর্জুনের নিয়তি নিশ্চয় !

( অর্জুনের শরাঘাতে কবচের ধ্বংস হস্তচ্যুত হইল )

যাও দৈত্য গৃহে যাও ! যুদ্ধভয় করি,  
 তবু আমি ভিক্ষা মাগি গুরুদক্ষিণার—  
 তব পাশে শরীর মোচন !  
 গুরুরে অপরিয়া ভিক্ষা যাও নিজগুরে !  
 কবচ । ব্যঙ্গ ! ব্যঙ্গ ! নরের বিজ্ঞপ !

ভাবিয়াছ ইন্দ্ৰাণীর হইল নিস্তার ?  
 কবচের অপমান করি দপ্তরে  
 ভাবিয়াছ বাবে ফিরে করিতে গৌরব ?  
 কহিয়াছি শূল নাহি আঘাতিব তোরে—  
 বেঁচে থাক আজি মৃত দৈত্যের দরায় !  
 কোথায় সংহার শূল—হও আবির্ভাব—  
 কবচে দুর্জয় কর মহারুদ্ধ তেজে !

( শূলের আবির্ভাব )

মন্দিরা । আশ্বপুত্র ! আশ্বপুত্র !  
 শচী । অর্জুন ! অর্জুন ! পুত্র !  
 অর্জুন । মাতা ! মাতা ! না হও অধীর !  
 সতীর লাঞ্ছনা ঘেরি বঁরিবে জীবন—  
 কৃষ্ণসখা সবাসাচি এমনি কি হীন ?  
 আসে শূণ্য ধোয়নাদে ইরশ্বদ জিনি—  
 আবর্তে আবর্তে ফিরি বহুচক্র সম,  
 ভরাবুল দিগ্গজের বৃহৎ আরাবে,  
 মিশিছে ডমকমন্ত্র সখনে গগনে—  
 ব্যোম শূন্য বিদারিয়া ধায় নঃশব্দ—  
 প্রলয় অকালে আজি করিল দানব !  
 কবচ । হাঃ হাঃ হাঃ হাঃ —  
 এস শচী অঙ্কলক্ষ্মী হইবে দৈত্যের !

( শচীকে ধারণ )

অর্জুন । হে ত্রিশূল ! অর্জুনের লহ প্রণিপাত—  
 হও অপমৃত—দণ্ড দিব পাতকীর !



একি ! একি ! মন্দিরা ! মন্দিরা !  
 চক্রাকারে বৈশ্বানর ঘিরি দানবে  
 আঘুর্গিত লেগিহান অলস্ত শিখায়—  
 দগ্ধ করে অর্জুনেরে মহাক্রুর শূল,  
 অলঙ্ঘ্য অনল চক্র লজ্জিব কেমনে ?

কবচ । হাঃ হাঃ হাঃ হাঃ—

শচী । অর্জুন ! অর্জুন !

( শচীসহ কবচের প্রস্থান )

অর্জুন । রে দানব— হত্যা কর—হত্যা কর মোরে—

নেপথ্যে কবচ । হাঃ হাঃ হাঃ হাঃ—

## চতুর্থ অঙ্ক

প্রথম দৃশ্য ।

( কালকের পুরী—রাজ প্রাসাদ ।

( কবচের বিলাস কক্ষ )

নর্ষকীগণের গীত

বঁধুয়া কত ছল জানে !

ভাসে মিঠি মিঠি—চঞ্চল দিটি গবলার পানে হানে !

মিছে ওর কথা—মিছে আকুলতা—মিছে সহি ভালবাসা—

লম্পট শঠ পালাবে কপট—দু’দিনে কুরাবে আশা,

কথা শোন্ নই, কাণে কাণে কই, দূরে রই মানে মানে ।

কবচ ।      দেয়সী উর্কশী ! দেহ হুধা !

উর্কশী ।      দিব—দিব—দিব হুধা স্বর্ণ পাত্র তরি !

আরক্তিম হুধা পিরা নয়নে যখন

উৎফুল্ল আকুল দৃষ্টি জানিবে তৃষ্ণায়,

নিবারিতে সে তৃষ্ণার রক্তিম অধরে

ধরিব অধর হুধা তব তৃপ্তি আশে !

দৈত্যবীর ! উর্কশীর কারমন প্রাণ—

বিজীত তোমার পার কোটীকল্প তরে !

নপ চূর্ণ ইন্দ্রাণীর করিমাছ তুবি—

অতি দর্পী অঙ্কু'নৈরে করেছ শাসন—  
 তোমারে অদৈয় কিবা আছে প্রিয়তম ?  
 দাসী হ'য়ে চিরযুগ সেবিব চরণ,  
 যৌবন-পুষ্পিত অঙ্গে নিত্য নবরূপ—  
 ধারণ করিব তব সম্ভোগের তরে,  
 নৃত্যে গানে অবিরাম পুলক হিলোলে  
 মনোমরালীয়ে তব ভাসাইব সখা—  
 শান্তিহীন ক্ষান্তিহীন শ্রবণ তরঙ্গে !

### উর্কশীর গীত

প্রাণের ভেলা ভাসবে মোদের.  
 প্রেম সাগরের জলে,  
 প্রেম-চাঁদিনী প্রাণকুমুদীর,  
 হাসবে দলে দলে !  
 মিলন রানে পরাণ ছু'টী  
 নাচবে তালে তালে,  
 মিলন দোলায়, পুলক মাতন,  
 প্রেম-কদমের ডালে !  
 কাণে কাণে গুঞ্জে দিন  
 কা'টবে পলে পলে !

কবচ । উর্কশী ! উর্কশী ! প্রিয়ে ! ধন জন মোর-  
 সার্থক সাধনা উগ্র, অমরা বিজয় !  
 বিশ্বের সৌন্দর্যলক্ষী বিশ্ববাহা তুমি—

আজি তুমি হৃদয়ের রাগে কবচের !  
 শচী করে স্বর্গপুরে মিলিল লাহনা—  
 সে ক্ষোভ মিটাব প্রিয়ে, করি ইন্দ্ৰাণীয়ে  
 দাসী তব কালকের পুরে !  
 ওই হের কিঙ্করী নিকর—  
 শচীয়ে আনিছে তব পদসেবা তরে !

( শচীকে লইয়া দাসীগণের প্রবেশ )

কবচ । লহ দাসী—উর্কশী—তোমার ।  
 শচী । দাসী ! উর্কশীর !  
 শচী দাসী—দৈত্য প্রেমসীর ?  
 ওবে যুড় !  
 অগ্নি জ্বলে যতক্ষণ দেহে সে সংসার—  
 যবে নেভে—নেভে সে নিঃশেষে ।  
 ইন্দ্ৰাণী নিভিবে যবে—বিশ্বচক্ষু আর  
 ইন্দ্ৰাণীয়ে পাবে না খুঁজিয়া !  
 যতক্ষণ দেহে প্রাণ ধরিবে ইন্দ্ৰাণী—  
 জ্বলন্ত পাবকশিখা দহিবে দানবে !  
 কবচ । হাঃ হাঃ হাঃ হাঃ—দহিবে দানবে ?  
 তবে দহ কর নাই কেন লো রূপসা—  
 দৈত্যপুরে কেশে ধরি আনিছ যখন ?  
 অর্জুন—অর্জুন—বলি আর্ন্ত হাহাকারে—  
 কেন তবে উচ্চরবে কাঁদিলে ইন্দ্ৰাণী ?  
 শচী । অনাচারী দেবতার পাতকের তরে

প্রায়শ্চিত্ত করে শচী নিজ লাহুনায়ে !

দৈত্যপুরে সপ্তদিবা রহিব বান্দনী—

করিয়ছি পণ দৈত্য—মুক্তকণ্ঠে কহি ।

দেখিব এ সপ্তদিবা বন্ধন শচীর

টলাইতে পারে কিনা কপ্তের আসন !

সপ্তদিবা তপস্রায় যোগিনার মত

নাগিব দৈত্যের মুখ্য দৈত্যপুরে বসি !

কবচ । আছে কি দ্বিতীয় শূল শঙ্করের পাশে ?

প্রগল্ভ রমণী ! মুখ্য নাগিবে দৈত্যের ?

তার পূর্বে সত্য গন্ধ চূর্ণ করি তব,

• তোমার ভাঙ্গিব যোগ করিয়া কিঙ্করা !

( নিবাতের প্রবেশ )

নিবাত । সংচুর করিলি আশা সর্কাণ দৈত্যের ?

রে কবচ ! কালি দাঁল দানবের কূলে ?

কবচ । একি ! অগ্রজ হেথায় !

নিবাত । বানপ্রস্থ আশে—

যোগাসন পেতেছিহু বিজন কাননে !

জানিনা কেমনে, কে কহিল স্বপ্নে যেন—

শচীরে এনেছে ধরি সবলে কবচ,

সত্য-ধর্ম দৈত্যপুরে বিশদ সত্য !

ক্ষোভে রোবে জ্ঞানহারা যোগাসন ত্যজি

উন্মত্তের মত আমি ধাইহু কবচ !

• রে কবচ ! দৈত্যপুরে খানিলি কুঠার ?

দানব জাতির ধ্বংস ঘটালি অজ্ঞান ?

কবচ । বাও বনে হে সম্যাসী ! না হবে কবচ

বিচলিত—দুর্ব্বলের ভয়ান্ত রোদনে !

মন্দিরারে কেশে ধরি করিল লাহুনা—

সে পাপের দণ্ড এই শচী-অপমান !

পাপ করি প্রায়শ্চিত্ত করে সর্ব্বজন—

দেবতা পাইবে কিসে পরিত্রাণ তাহে ?

নিবাত । পাপ তরে প্রায়শ্চিত্ত অতি স্থনিশ্চয় !

তেঁই ডরি তোর পাপে দৈত্যের পতন !

ওরে ভাই—না জানিন্ দীর্ঘ যুগ ধরি

কত ক্লেশ, কী লাহুনা সহিয়া দুদিনে,

দানবে রক্ষিয়াছিন্ অধর্ম্ম হইতে !

আজি গৌরবের ক্ষণে ডুবাইলি হয়—

সমগ্র দানব জাতি পাপ ঘৃণীপাকে ?

জাহ্নু পাতি মাগি ভিক্ষা ক্ষমা দে কবচ—

প্রাণভিক্ষা দে আমারে দানব জাতির

ভাজি ইন্দ্রাণীরে !

কবচ । কভু নয়—কভু নয়—কভু না ত্যজিব—

বরদাতা শস্ত্র যদি মাগে খোড় করে !

নিবাত । কভু নয় ? দৈত্যপুরী কলঙ্কিত হবে

মহাপাপী কবচের পাপের তাণ্ডবে ?

তার পূর্বে হোক তবে দেহান্ত আমার—

না হেরিব নিজ চক্ষে দৈত্যের বিনাশ !

( বক্ষে ছুরিকা বিদ্ধ করিয়া পতন )

কবচ । অগ্রজ ! অগ্রজ !

শচী । এই সে প্রথম বলি পাণ্ডবজ্ঞে তব !

## দ্বিতীয় দৃশ্য

( বন পথ )

. মন্দিরার প্রবেশ )

মন্দিরা । কিপ্ত সম আৰ্য্যপুত্র ধায় বনমাঝে—  
 কেশব—কেশব—করি কাদে হাহাকারে !  
 কভু রোষে গরজিয়া মহোরগ সন—  
 উল্লেখে কাহারে যেন ধায় আক্রমিতে,  
 স্বাণকে সধিতহারা মুটে ধরণিতে !  
 হায় হায় কুদ্রশক্তি পাতকীর করে—  
 ধম্মবল পদানত—দৈব বিভঞ্নে !  
 ‘কোথা কৃষ্ণ’—আর্তনাদ ফাস্তগির মুখে,  
 কোথা কৃষ্ণ দাও দেখা বাঁচাও অজ্জুনে !

( বৈষ্ণবেশে কৃষ্ণের প্রবেশ )

কৃষ্ণ । কে কোথায় আছ বোগী এস মোর ঠাই—  
 ত্রিবিধ ব্যাধির জ্বালা নিমেষে ছুড়াই !  
 মন্দিরা । সেই বৈষ্ণ—সেই বৈষ্ণ—যার কণ্ঠস্বরে  
 যোগাসন ত্যজি স্বামী উঠিলা হরিতে !  
 এই সেই বৈষ্ণরাজ—আৰ্য্যপুত্র কহে—  
 স্মৃধাভাও করে যেই ফিরে ঘারে ঘারে—  
 জগতের ত্রিতাপ নাশিতে !  
 বৈষ্ণরাজ ! প্রশ্ননি চরণে নারায়ণ !  
 ত্রিফা চায় পার্শ্ব-পত্নী স্বর্গীর জীবন !

কৃষ্ণ । মনে পড়ে কিনা তব—কহিছ সেদিন  
হেণ্ডার মিলিবে রোগী তুই চারি দিনে ?  
দেখেছি স্বামীরে তব আসিতে কাননে—  
হ'য়েছে উন্মাদ ব্যাধি স্পষ্টই হেরিছ !  
তুই পথে হ'তে পারে আরোগ্য ইহার !

মন্দিরা । তুই পথ ।

কৃষ্ণ । দীরে স্তম্বে বসি বসি আচার সংঘমে,  
নিয়মিত পথ্যে আর ঔষধ নেবনে,  
দীর্ঘদিন চিকিৎসায় হবে নিরাময়—  
সারিবে উন্মাদ রোগ—কিন্তু আছে ডর—  
মেকদণ্ড ক্ষীণ হ'লে শব্যায় পড়িবে  
জীবন্মুত আমরণ রবে স্বামী তব !

মন্দির । জীবন্মুত । সেকি বৈজ্ঞরাজ !

কৃষ্ণ । আয়ুর্বেদ বাহা কহে—কহি সেই কথা ।  
অন্য পথ আছে এক—মাত্র সপ্তদিন—  
সপ্তদিন লাগে মাত্র সেই চিকিৎসায় ।  
তবে বড় সুকঠিন, পার কি না পার !  
ঔষধ সে আছে মাত্র কৈলাস পর্বতে !

মন্দির । কৈলাস পর্বতে মাত্র আছে সে ঔষধ ?  
কার ঠাই মিলিবে ঔষধ বৈজ্ঞরাজ ?

কৃষ্ণ । সেই দিবা ঔষধের ভাণ্ডারী শঙ্কর—  
কারো কাছে নাহি আর কহি সার কথা !  
হাতাতে কৃপণ বড় অভাগা ভান্ড—  
বলে বে লইতে পারে—দেয় শুধু তারে !



দিকু উপদেশ দাও—নাহি ত ঔষধ—

পার যদি এনে দাও স্বামীরে তোমার ! ( প্রস্থানোচ্চত )

( ফিরিয়া ) কোথার কৈলাস বুঝি তেন নাক' পথ ?

সহজ সঙ্কেত কহি—উত্তর মুণ্ডেতে

অগ্রসর হ'লে কর্ণে শুনিবে কেমন—

বাশীর ধ্বনির মত দূর বেগু ননে !

বাশী নহে—বাতাসের শব্দ ওই মত—

সেই শব্দ লক্ষ্য করি দ্রুত যদি যাও—

চারি পাচ দিনে যার মিলিতে কৈলাস !

( প্রস্থান )

মন্দিরা'। সহজ সঙ্কেত সত্য—সঙ্কেত বাঁধন

দেখাইবে কৈলাসের পথ স্নানার্গরে—

সহজ সঙ্কেত ' শুধু, কঠিন কেশব !

সবলে ভাঙ্গড় পাশে ঔষধি গ্রহণ !

কেন আমি ভেবে মরি পার্থ সখা হরি !

তব কার্য্য তুমি কর বিশ্ব-চক্রধারী !

( অর্জুনের প্রবেশ )

অর্জুন। রে দানব ! হত্যা কর হত্যা কর মোরে—

বিশ্বের ঘুণার পাত্র করিয়া অর্জুনে—

না বাস রাখিয়া তারে পরাণে বাঁচায়ে !

—কাপুরুষ ! কাপুরুষ ! শিবশূল হেরি

অগ্নির জ্বালায় ভরে হ'ল পরাশ্রুপ !

দগ্ধ হবে সেই ডরে হল আত্মহারা—

এমন ভীকরে কৃষ্ণ ডাকে সখা বণি ?—

সখা ! সখা ! অৰ্জ্জুনে ত্যজিলে কেশব ?

কৃষ্ণহীন প্রাণ কেন রহিল পার্থের ?

মন্দিরা । কৃষ্ণ তব ত্যজে নাই তোমাতে কান্ধণি !

অৰ্জ্জুন । ত্যজে নাই ? কি কহিছ বাতুলের মত ?

কৃষ্ণ না ত্যজিলে মোরে ক্ষাত্ৰধ্বংস ভুলি

প্রাণ ভয়ে হেরিতাম শচীর হরণ ?—

ওই—ওই—সকাতর শোন হাহাকার—

“অৰ্জ্জুন—অৰ্জ্জুন” বলি কাঁদিছে ইন্দ্রাণী !

যাই—যাই—কৈদন জননী—

শূলমুখে দিব ঝাঁপ তব রক্ষা তরে !

( ছুটিয়া প্রস্থানোত্তত )

মন্দিরা । কোথায় ইন্দ্রাণী, নাথ, কোথায় রোদন ?

কল্পনায় পাও ব্যথা ! ধৈর্য ধর চিতে !

অৰ্জ্জুন । কোথায় ইন্দ্রাণী, সত্য ! কোথায় রোদন ?

দৈত্যপুত্র দৈত্য করে সখে নির্যাতন !

হায় ধিক্—ধিক্—অৰ্জ্জুনে !

দৈত্যের সাধনে মুঢ় হইয়া সহায়,

ঘটাইল বিশ্বমাকে পাপের উত্থান !

( অস্তকের প্রবেশ )

অস্তক । পাপের উত্থান সত্য—ধর্মের পতন !

ধর্মপ্রাণ দৈত্যপতি বরিল মরণ !

মন্দিরা । কি—কি—কি কহিলে—কাহার মরণ ?

মরণে বরিল কেবা ? পিতা কি আমার ?

জন্তক । ভয়ি ! ভয়ি ! অহুতাপে জলে চিত্ত মোর !

পিতৃহীনা অভাগিনী মন্দিরা আমার !

পিতৃহীন দৈত্যজাতি নিবাত মরণে

মন্দিরা । পিতা ! পিতা !

( হস্ত দ্বারা মুখ আবৃত করিল )

জন্তক । শুনি বার্তা দৈত্যকরে শচীর হরণ,

যোগাসন ত্যজি রাজ্য ধাইল তরাসে—

জানু পাতি ভ্রাতৃপাশে মাগিল কাতরে—

“সতীর মৰ্য্যাদা ভিক্ষা দে মোরে কবচ !”

রুঢ়তাষে উপহাস করি দৈত্যপতি

কহিল “না দিব মুক্তি শিবেরো আদেশে !”

মৰ্ম্মাহত পিতা তব, ভগিনী আমার !

নিজ বক্ষে নিজ করে হানিয়া কুপাণ—

দৈত্যের পানের ভয়ে ত্যজিল জীবন !

অৰ্জ্জুন । নহে ভীকু অৰ্জ্জুনের মত !

ধৰ্ম্মবীর ধৰ্ম্মতরে দিলা আত্মবলি—

অৰ্জ্জুন রহিল বেচে শুনিতে শ্রবণে—

শচীর সম্মুখ নাশ কবচের করে ।

জন্তক । গৰ্বভরে প্রচারিল মদাঙ্ক কবচ—

“সপ্ত দিবানিশি ভিক্ষা দিহু ইন্দ্রাণীরে—

সপ্ত দিবা নিশি ধরি রহিব প্রস্তুত

শচীর উদ্ধারকামী দেব দৈত্য নরে—

ভেটিতে সংগ্রামে !

সপ্তদিবা নিশি শেষে,

দৈত্যঅঙ্কলক্ষী বলে করিব শচীরে !

- অৰ্জুন । সপ্তদিবানিশি ! সপ্তদিবানিশি !  
 জঙ্কক । অহুতাপে জ্বলে চিত্ত বীর সব্যসাচি !  
 নিবাতের রাজ্য ত্যাগ ঘটাইছ আমি ,  
 কহিছ কবচে আমি নিতে সিংহাসন—  
 দানবের অক্লদয় আশে ।  
 ভাবি নাই সিংহাসনে বসিয়া কবচ—  
 পতিত দেবতা চেয়ে শতগুণ পাপে  
 বিশ্ববক্ষে দৈত্যনাম করিবে ধিক্ত !  
 অহুতাপে মর্ষদাহে কহিছ কবচে—  
 “ইন্দ্রাণীয়ে তজ্জ কি-বা মূক্তি দাও মোরে—  
 তব পাপ সহচর না হইব আর ।”  
 পদাঘাতে বিতাড়িল আমারে কবচ !  
 অৰ্জুন । সপ্তদিবানিশি মাত্র ! সপ্তদিবানিশি !  
 —কি কহিল সুরপতি বাসব আমারে ?—  
 আছে অস্ত্র পাশুপত শঙ্করের পাশে—  
 সাধনা করিলে পার্থ মিলিবে নিশ্চয় !  
 সপ্তদিবানিশি মধ্যে মহেশে তুষিয়া  
 পার্থ কি লভিবে অস্ত্র—মন্দিরা, জঙ্কক ?  
 জগ, তপ, আরাধনা, সাধনা, সংকম—  
 সপ্তযুগ অতিবাহি নারিব লভিতে !  
 মন্দিরা । পঞ্চদিবানিশি ক্ষুণ্ণ চলিলে ফাস্তদি  
 মিলিবে কৈলাসগিরি শিবের আলয় !  
 দুই দিনে বন্দ যুদ্ধে তুষিয়া শঙ্করে,  
 পার্থ কি নারিবে নিতে অস্ত্র পাশুপত ?  
 অৰ্জুন । বন্দযুদ্ধে ! বন্দযুদ্ধে ! মন্দিরা ! মন্দিরা !

মন্দিরা । কহিলা তোমারে বৈষ্ণব—কৃপণ শঙ্কর  
 শক্তিহীনে শক্তিদানে বিমুখ সতত !  
 অর্জুন । বৈষ্ণব—বৈষ্ণব—বৈষ্ণবরাজ কেশব আমার—  
 ত্যজেনি আমারে সখা এ ঘোর সম্বন্ধে !  
 মন্দিরা—মন্দিরা—কৃষ্ণ এসেছিল পাশে—  
 ক্ষাত্তধর্ম উপদেশ দিয়াছে অর্জুনে !  
 নহে অশ্রু—তপ, জপ, কাতর মিনতি—  
 হৃদয়ে র'য়েছে কৃষ্ণ, বাহুতে শক্তি—  
 কোথা লুঙ্কায়িত শক্তি কৈলাস ভূধরে—  
 ভাণ্ডার লুণ্ঠন করি আনিব সবলে—  
 পাশ্চাত্য শৈব অস্ত্রে নাশিব দানবে !

( নেপথ্যে বংশীধ্বনি )

মন্দিরা । ওই—ওই—বাঁশী বাজে কৈলাসের পথে—  
 অর্জুন । কৃষ্ণের বাণরী বাজে কর্তব্যের পথে—  
 হে কৃষ্ণ পার্থের গুরু ! শক্তি কর দান—  
 সতীর মুছাতে অশ্রু, শক্তীধর হয়ে  
 ভেটিব সমুখ রণে দিব্য অস্ত্র তরে !

তু নীর দৃশ্য

কৈলাস পর্বত

মহাদেব—দুর্গা

মহা । হেবিবে অপূর্ব দৃশ্য—শোন শক্তীধরি !  
 মহাকালে জিনিবারে নরের উত্তম !

- হুর্গা । কেবল কৃষ্ণের চল—বাড়াতে জগতে  
প্রিয় সখা নরোত্তম পার্থের গৌরব !
- মহা । গৌরবের পাত্র দুগে ! আত্মজয়ী বীর  
বিশ্বহিত ব্রতধারী পুণ্যাশ্রয় অর্জুন !  
সপ্তদ্বিবাশি মধ্যে শেষ পঞ্চদিন—  
দুই দিনে মম পাশে লভি পাশুপত  
কবচ-নিধন মাগে শচী-মুক্তি তরে !
- হুর্গা । দুর্মতি দৈত্যের নাশ হোক বিশ্বনাথ !  
পাশুপত দাও পার্থে, মুক্ত হ'ক শচী !
- মহা । কে দিবে কাহারে অস্ত্র—কহ মহেশ্বরী ?  
শক্তির ভাগ্যবানী মাত্র মহাকাল আমি —  
অজ্জিবে যে সাধনায়—লভিবে শক্তি !
- হুর্গা । সাধনা—সম্মুখ রণে ভেটি শত্রু সম ?
- মহা । শত্রুভাবে সাধনায় তুর্গ সিদ্ধি লাভ !  
কেবা শত্রু, কেবা মিত্র—কহ শঙ্করের ?  
নররূপে বাহ্যযুদ্ধে ভেটিব পার্থেরে !  
শক্তির পরীক্ষা চাহি নিতে অর্জুনের—  
পাশুপত ধারণের যোগ্যতা কেমন !  
মহারৌত্র কালরূপী অস্ত্র পাশুপত  
রুদ্রসম তেজীয়ান যে নহে পুরুষ—  
ভস্মসাৎ স্পর্শমাত্রে করিবে তাহারে !
- হুর্গা । ওই আসে সব্যসাচি উন্মাদের মত !
- মহা । আসে বীর কৃষ্ণ সখা, করি আশীর্ব্বাদ—  
অদম্য পুরুষকারে হোক সর্ব্বজয়ী !  
এস দুর্গে—বাই অন্তরালে !

( অৰ্জুন, মন্দিরা ও জম্বকের প্রবেশ )

অৰ্জুন । অদৃশ্যে না শুনি আর মুরলী নিঃস্বন—  
ধবল তুষার পুঞ্জ মহাগিরিশিখরে,  
নীলাকাশ ভেদ করি উঠে উৰ্দ্ধপানে—  
অমুমানি দেব-আত্মা পৰ্ব্বত কৈলাস ।

রহ বীর জম্বক হেথায় !

মন্দিরা—হেথায় রহ মম প্রতীক্ষায় !

দুইদিন মধ্যে যদি না ফেরে অৰ্জুন—

নৈমিষ অরণ্য বাসে ধৰ্ম্মরাজ পাশে—

কহিও বারতা সতি ম'রেছে অৰ্জুন !

বাই—বাই—কাল ব'য়ে যায়—

শচীর কাতর অশ্রু বহে দু'নয়নে—

প্রণমি তোমারে গিরি—তব অঙ্গে উঠি

করিব সন্ধান শিবে—ক্ষম অপরাধ !

—একি—পুনঃ কি হেতু মন্দিরা—

অগ্রসর মোর সনে গিরি আরোহণে ?

মন্দিরা । ধৰ্ম্মতরে ধৰ্ম্মযুদ্ধে আগুয়ান তুমি—

সহধৰ্ম্মিণীর স্থান পার্শ্বে তব স্বামী ।

অৰ্জুন । জয়ে কিংবা পরাজয়ে, জীবনে মরণে—

রহ তবে পার্শ্বে মোর জীবন সঙ্গিনী !

বিদায় জম্বক বীর ! রহ প্রতীক্ষায়—

( অৰ্জুন ও মন্দিরা পৰ্ব্বতারোহণ করিতে লাগিলেন )

জম্বক । মহাকাল জয় করি ফিরে এস বীর—

ধৰ্ম্মের প্রতিষ্ঠা হ'ক তব অস্ত্রবলে !

( অন্তরালে প্রস্থান )

( পরকতগাত্রে নন্দীর আবির্ভাব )

নন্দী । কে তুই মানব ক্ষুদ্র—কৈলাস ভবনে ?

মৃত্যু বাঞ্ছা অহুমানি তোর !

অৰ্জুন । কে মহা ভৈরব মূর্তি—জলন্ত নয়ন—

কোথা শিব মৃত্যুঞ্জয় ? ভেটিতে তাঁহারে

আগমন—নাম মম পাণ্ডব অৰ্জুন !

নন্দী । আমি নন্দী—শিবচর ! শিবের আদেশে

কৈলাসে পশিতে নারে দেব দৈত্য কেহ !

নরদেহে নীলকণ্ঠে ভেটিবি মানব—

বাখানি সাহস তোর ! না করিব নাশ !

যা ফিরে ধরার বৃকে—ধরার সন্তান !

সপ্তজন্ম তা স্মায় করি দেহ পাত—

মিলিলে মিলিতে পারে শিবের সাক্ষাৎ ।

অৰ্জুন । সপ্তদিন মধ্যে গাত্র বাকী দুই দিন—

না সহে বিলম্ব নন্দী ! তাজ মোর পপ—

নতুবা গাণ্ডীবে শর করিব যোজন—

এর রণে নরসনে—শিব অনুচর ! ( শর ফেপণ )

( নন্দীর অন্তর্ধান )

অৰ্জুন । একি—কোথা নন্দাবর !

( বীরভদ্রের আবির্ভাব )

মন্দিরা । একি হেরি ! রক্তজটা জলে স্নানলোকে—

ভয়াল পুঙ্খ মূর্তি, লৌহগদা করে—

জুটুটি কুটিল নেত্রে, হ'ল আবির্ভূত !

বীর । আমি বীর বীরভদ্র—পাণ্ডব অৰ্জুন !

নারিবে পশিতে উদ্ধে—নিবর্ত্ত হরায় !



অৰ্জুন । শিবজটাজাত বীর প্রমথ-নায়ক !  
 নরের প্রণাম লহ—তাজ মোর পথ—  
 শঙ্করে ভেটিব স্বরা, কাল ব'য়ে যায় !  
 বীর । কাল নাহি যায় ব'য়ে—সমাগত কাল—  
 কালরূপী এই গদা কালের আলয়ে—  
 প্রেরিবে তোমারে মতিহীন ।

অৰ্জুন । ধর অঙ্গে অৰ্জুনের নিশিত সায়ক—  
 উগারি রুমির বীর যা ও শিব পাশে,  
 কহ বার্তা আসে পার্থ—নমিতে শঙ্করে ।

( শরক্ষেপণ ও বীরভদ্রের অরুন্ধান )

শৈবমায়্য মুহূর্ত্তেকে হ'ল অরুন্ধান ।  
 নিতান্ত নগণ্য নর চিস্তিলা শঙ্কর  
 অৰ্জুনেরে ! নহে কেন ক্ষুদ্র শিবচর  
 দম্ভভরে রোধে পথ তুচ্ছ অস্ত্রকরে ?  
 ক্ষুদ্র নর সত্য পার্থ—কিন্তু বক্ষে তঃব  
 বিরাজিত রুম্যরূপী বিশ্বদেব হরি ।  
 এস—এস—উদ্ধপানে মন্দিরা হবায় ।

( উভয়ে উর্দ্ধে আরোহণ )

মন্দিরা । অকস্মাৎ দীপ্তরবি নিভিল আধারে—  
 মহাবীর অটুহাসে ব্যোমস্থী কাপে !  
 সব্যসাচি—খড়্গ করে কে ভীনা রংগী ?  
 অৰ্জুন । এলোকেশী ত্রিনয়নী নৃমুণ্ডমালিনী  
 লোলজিহ্বা মহামেঘবরণা ভৈরবী—  
 দিগম্বর ভয়ঙ্করা রক্তভৃগুতুরা  
 কালরাত্রিরূপা কালী উরিল সংগ্রামে !

মৃত্যুপণ করি রণে আগুয়ান যবে—  
না ডরি তোমারে মাতা অশ্রুর্মন্দিনী !  
পার্থের প্রণাম লহ, ত্যজ মোর পথ—  
নতুবা গাণ্ডীবে শর যুড়িছু জননী !

কালী । অভাগ্য মানব !  
গাণ্ডীবে হানিবি শর অঙ্গে কালিকার !  
ফিরে যা ভরায় মূঢ় ত্যজিয়া কৈলাস—  
নতুবা হইবি দম্ব প্রলয় অনলে !

অর্জুন । মৃত্যুপণ—বাছড়িয়া না যাব ধরায়,  
না লভিয়া পাশুপত শঙ্করের পাশে !

কালী । মৃত্যু পণ ? মৃত্যু তবে লহ রে মানব—  
ত্রিনেত্রের উগ্র অগ্নি—দহ অর্জুনেরে !

( কালীর ত্রিনেত্র হইতে অগ্নি নির্গত হইল )

মন্দিরা । প্রদীপ্ত অনল শিখা করিল বেষ্টন—  
আধ্যাত্ম ! দেহ দম্ব—মরিছ জলিয়া ! ( পতন )

অর্জুন । মন্দিরা—মন্দিরা ! রহ—অগ্নি নিবারিবে !  
রোষবহি কালিকার সর্ব অঙ্গ দহে—  
অস্ত্রমস্ত্র বিস্মরণ হই যাতনায় !  
তিষ্ঠ—তিষ্ঠ—রে নিষ্ঠুরা ! কৃষ্ণ নাম শ্রি,  
মাতৃ-অস্ত্র নিক্ষেপিছ প্রলয় অনলে—  
জগন্মাতা আবিভূতা হও অগ্নিমাঝে !

( কালী দুর্গারূপে পরিবর্তিতা হইলেন )

দুর্গা । সংহরিছ রোষ বহি—হে বীর সাধক !  
পথ মুক্ত কৈলাসের—ভেট ধুর্জটীয়ে !

( অন্তর্ধান )

অৰ্জুন । মন্দিরা ! মন্দিরা ! একি ! হারালে চেতন ?

কাল ব'য়ে যায় সাক্ষি ! নারি বিলম্বিতে !

বহ প্রিয়ে ভূশয়ায় কৈলাসের বৃকে—

যতপি জীবন্তে ফিরি পাশুপত করে,

তখন করিব সেবা বাঁচাতে তোমারে !

( উর্ধ্বে আরোহণ )

কই কোথা ? নিহরঙ্গ সিন্ধুর মতন

অঙ্গ চালি মহাগিরি আলসে ঘুমায় !

কোথায় শঙ্কর দেখা দাও পাণ্ডবেরে—

চাহি অস্ত্র পাশুপত অথবা মরণ !

কোথায় ধূৰ্জ্জটী শিব —প্রভু মৃত্যুঞ্জয় !

দেখা দাও করুণায়—দাও পাশুপত !

নীরব নিথর গিরি ! শুধু প্রতিধ্বনি

ব্যক্ত করে উর্ধ্বে তুলি মম আর্তস্বর

অসহায় শিশুসম ফেলে আছাড়িয়া !

হে শঙ্কর ! অৰ্জুনেরে নারিবে ছলিতে—

—কোথা আছ লুঙ্কায়িত—হও আবির্ভাব !

মৃত্যুপণ করি করে ধরিয়া গাণ্ডীব—

আসিয়াছি লুপ্তিবারে শক্তির ভাণ্ডার !

শক্তি চাই—কিংবা মৃত্যু—দাও যাহা কৃচি !

মহাকাল ! দাও দেখা ! লুকালে কোথায় ?

পাতি পাতি করি খুঁজি ফিরিব কৈলাসে,

কোথা শিব—এস রূপে—কাল বয়ে যায় !

( দ্রুত প্রস্থান )

( কৃষ্ণের আবির্ভাব )

কৃষ্ণ । অদৃষ্টে পুরুষকারে এ ঘোর সমর—  
 বিশ্বনীতি চক্র স্তব্ধ, তেরিছে বিশ্বয়ে !  
 আমি নারায়ণ হেরি নরের বিক্রম,  
 গোরবে আমার হিয়া পরিপূর্ণ আজি !  
 জয়তু অর্জুন ! সখা ! আত্মজয়ী শূর,  
 মহাকালজয়ী হও দ্রুবার পৌরুষে ! (অন্তর্দান)

( অর্জুনের প্রবেশ )

অর্জুন । কেহ নাই—কেহ নাই—জনশূন্য গিরি—  
 লুঙ্কায়িত লোকেশ্বর বঞ্চিত আমারে !  
 কাল ব'য়ে যায়,—শচী ফেলে অশ্রুনির—  
 আসন্ন দৈত্যের করে সতীধর্ম নাশ !  
 হে শঙ্ক —দেখা দাও ! করি আবাহন !  
 রণ আশে নর খুঁজে, ধূজ্জটা লুকায় !  
 কোথায় লুকায় রবে বঞ্চক দেবতা ?  
 কৈলাস করিয়া চূর্ণ করিব বাহির !  
 বিশ্বরূপধারী কৃষ্ণ ! শক্তি দাও ভুজে—  
 মহাগিরি উপাড়িয়া ফেলিব সাগরে !  
 অযুত অর্কুদ শিলা পুঞ্জিত চৌদিকে,  
 মহা মহীরুহ গর্ভে শূন্যে তোলে শির,  
 প্রমত্ত মাতঙ্গ যুথ, যুগেন্দ্র নিকর  
 বনে বনে ফেরে—গিরি কন্দরে কন্দরে—  
 স্থাবর জঙ্গম চরে পূর্ণ এ কৈলাস—  
 উপাড়িছু হে শঙ্কর ! দণ্ডিতে তোমারে !  
 ( কৈলাস পর্বত নাড়া দিতে লাগিলেন ।

( নেপথ্যে বহুক্ষেপে )—নিবৃত্ত—নিবৃত্ত হও পার্থ মহাভাগ !

( কিরাতরূপী মহাদেবের প্রবেশ )

কিরাত ! আরে—আরে—তুই ত বড়ি পালোয়ান আছিস্ রে !  
সমুচায় পাহাড়টা নাড়া দিলি—যেন ছেলিয়ার লাট্টুরে ! তুই থামেক  
রে পালোয়ান—থামেক—থামেক ! হামি হাতী স্বীকার করব পালোয়ান !  
তুই পাহাড় নাড়া দিলে সব হাতী ভাগবে রে পালোয়ান—সব হাতী ভাগবে !

অৰ্জুন । কিরাত ! কিরাত তুমি ? শুভ্রোন্নত বপু—

রক্তত ভূধর সম, বাঘাধর পরা—

তুমি কি শকর নহ বিরাট পুরুষ ?

কিরাত ! শকর ? শকর কোন্ আছে রে ? ছেলিয়া বয়েস থেকে  
এ পাহাড়ে শীকার করি—হাতী মারি, সিঙ্গা মারি, বাঘা মারি, শকর হিথুকে  
কে আছে রে ? তোরা শকর উকর চিনি না রে পালোয়ান—তুই পাহাড়  
নাড়া দিবি না, হামার শীকার মাটি হোবে !

অৰ্জুন । হে কিরাত—বাক্য তব নারিব পাণিতে !

শকরে চাহিয়া ফিরি বিজন কৈলাসে—

দেখা নাহি দিলা শস্ত্র—তেই ভাবি মনে—

উপাড়ি সমুদ্র গর্ভে করিব নিক্ষেপ—

দেখি দেখা পাই কিনা প্রভু শকরের !

কিরাত । পাহাড় সাগরে ফেঁক দিবি ? তবে হামার শীকার হোবে  
কোথায় ? তুই ভাগ্ পালোয়ান ! তুই বাউরা আছিস্ ! পাহাড়  
আছে হামার—হামি শীকার করব ! তোরা শকরকে চুড়বি চোড়—  
পাহাড়ে পাহাড়ে জনম ভোর চোড় ! কিন্তু পালোয়ান ! পাহাড়ে নাড়া  
দিবি ও ভালাই হবেক না—গর্দানটা ধরব আর সমুদ্রে ফেঁক দেব !

অৰ্জুন । কাল বয়ে যায়,—কাল বয়ে যায়—

হুর্কিনীত রে কিরাত ! পালাও অরায় !

এইবার মহাগিরি মহাসিদ্ধু অলে— ( গিরি উত্তোলন )

কিরাত । তবে সমুদ্রে তোরেই ফেক্ দি পালোয়ান ! ( অর্জুনকে ধরিয়া ) তুই যখন বাত্ গুনবি না, তখন তোরেই ফেক্ দি—

অর্জুন । কিরাত দুর্বল নহে, মহা শক্তিধর—

ছদ্মবেশী শিবচর হবে অহুমানি—

রুদ্রবলে অঙ্গ মোর করেছে ধারণ !

ঘটিল প্রবল বিঘ্ন, কাল ব'য়ে যায়—

রে কিরাত ! মৃত্যু তবে লহ পার্থ করে !

( ধনুঃশর গ্রহণ )

কিরাত । এই তুই পালোয়ান আছিস্ ? আরে ছোঃ ছোঃ ছোঃ—  
একটো কিরাতের সঙ্গে হাতাহাতি লড়তে পারলি না ? হাঃ হাঃ হাঃ হাঃ,  
আরে—তীর ধনুক থাকলে ত লেড়কায় হাতা মারে !

অর্জুন । নিরস্ত্র কিরাতে বিধি নিশিত সারকে

সত্য সত্য পাপ যুদ্ধ করিব কেননে ?

রে কিরাত—বাছবুদ্ধে হও আগুয়ান—

( ধনুঃশর নিষ্ক্ষেপ )

কিরাত । রে রে রে রে—( অর্জুনকে আক্রমণ )

অর্জুন । বিশ্বস্তর মূর্তি হেরি অজ্ঞাত কিরাতে—

কৈলাস পর্বত খেন করি উল্লম্বন,

আক্রমিল শক্তি মোর করিতে হরণ !

দেব-নরে হেন বীৰ্য্য হেরি নাই কভু—

বুকোদর, দুর্ঘোষন, জরাসন্ধ বীর

নগণ্য বালক সম কিরাতের পাশে !

কিরাত । বল—ছোড়িয়ে দি—খাট খেনে যরে যা ! শঙ্করকে চুড়বি ?  
কিরাতের পালোয়ানী একবার দেখ্—হাঃ হাঃ হাঃ হাঃ !

অর্জুন । কিরাত—কিরাত নহ অজ্ঞাত পুরুষ !

অৰ্জ্জুনের বাহু যুদ্ধে রহিবে অটল—  
 এমন কিরাত বিশ্বে লভে নি জনম !  
 ছদ্মবেশী শিবচর কিবা তুমি শিব—  
 অৰ্জ্জুনের আবাহনে সমরে উদয় !  
 যে হও সে হও তুমি না পাবে নিস্তার-  
 কৃষ্ণ-সখা অৰ্জ্জুনের মহাভূজপাশে  
 অমর না হও যদি লভিবে মরণ । ( উভয়ে বাত-যুদ্ধ )

## দৃশ্যান্তর

দৈত্যপুর—কবচ ও শচী ।

কবচ । পূর্ণ সপ্ত অহোরাত্র—শচী দেবেঙ্গাণি !  
 উদাসীন কালচক্র তোমার বন্ধনে !  
 দৈত্যভয়ে পাণ্ডু-পুত্র লুঙ্কারিত বনে—  
 সপ্তলোকে কেহ নাই তুলিতে অঙ্গুলি—  
 কবচ-কবল হ'তে রক্ষিতে তোমারে !  
 নিয়তি তোমার শচী দৈত্য গৃহবাস !  
 শচী । শচীর নিয়তি দৈত্য শচীর অধোন !  
 বিশ্ব যদি ধর্মহীন—সত্যের সম্মম  
 বিশ্ব নিয়ন্তার নেত্রে তুচ্ছ যদি এত—  
 ধর্মহীন বিশ্ব ত্যজি আত্মা ইন্দ্রাণীর  
 ব্যোমপথে দীপ্যমান জ্যোতির্লোকে—  
 মহাজ্যোতি পারাবারে হউক বিলীন !  
 প্রাণশক্তি—তত্ত্ব তত্ত্ব, ব্রহ্মরক্ষ, ভেদি  
 আরোহণ কর শূন্যে ! সপ্তদিবা নিশি  
 ত্রপস্তা হইল ব্যর্থ—ব্যর্থ আরাধনা—  
 সত্যের হউক লোপ বিশ্ব বন্ধ হ'তে—

সতীহীন ধর্মহীন দেবতাবিহীন

পাপ স্রষ্টি হ'ক লোপ চির কল্পভয়ে !—

নেপথ্যে অর্জুন । মাঠেঃ, মাঠেঃ মাতা শচী স্বরেশ্বরী !

শচী । ঃ কে ডাকে আমারে পুনঃ দূর-শূণ্য হ'তে—

মাঠেঃ—মাঠেঃ রবে মেঘমল্লিশ্বরে ?

তিষ্ঠিহু নিমেষ কাল—হে অদৃশ্য বীর !

শত সূর্য্যভেদে তব হউক প্রকাশ !

কবচ । হে রুদ্র পুরুষ মূর্তি—কোনও ভয়াল

প্রলয়ান্বিশিখা জলে বাণভ্রমরূপে ?

অর্জুন—অর্জুন তুমি ? কিবা অস্ত্র ওই ?

( অর্জুন ও মন্দিরার প্রবেশ )

অর্জুন । সতীর জ্ঞানের তরে, নাশিতে ছক্ষুতে,

ধর্মসংস্থাপন তরে আদি প্রহরণ

পাশুপত আবির্ভূত হের দৈত্যপতি—

শিববরে হীন নর অর্জুনের করে !

কবচ । শূল—শূল—শিবদত্ত মহাশূল মোর !

( শূলের আবির্ভাব, শূল অর্জুনের প্রতি ধাবিত হইল )

( মহাদেবের আবির্ভাব )

মহাদেব । নিবৃত্ত শঙ্করশূল—শঙ্করের করে—

দৈত্যের নিয়তি পূর্ণ হো'ক পাশুপতে ! ( শূল ধারণ )

( অর্জুন-নির্মিত পাশুপতে বিদ্ধ হইয়া কবচের পতন )

( কৃষ্ণের প্রবেশ )

কৃষ্ণ । ভ্রগদেব ধর্মবীর—জয়তু অর্জুন !

নীলা শেষ—পাশুপত কর সম্ভরণ—

নন্দেব ! নান্নায়ণে দেহ অগ্নিজন !

—যবনিকা—











